

ব্যবসায়ের নীতিনির্দেশিকা
প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা

The project is co-funded under the Team Europe Initiative on Decent Work in Bangladesh

International Labour Organization
Co-funded by the European Union
EMBASSY OF DENMARK
Kingdom of the Netherlands
Sweden Sverige
In partnership with Canada
BUILD dialogue • research • advocacy Business Initiative Leading Development



প্রকাশক
বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড) ও
আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)

গবেষণা
বিল্ড-এর রিসার্চ, ডায়ালগ, অ্যাডভোকেসি অ্যান্ড কমিউনিকেশন উইং

কপিরাইট©২০২৬ বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড)
সর্বস্বত্ব সংরক্ষিত। বিল্ড-এর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনো অংশ কোনোভাবেই বা কোনো উপায়ে– যেমন গ্রাফিক, ইলেকট্রনিক বা যান্ত্রিক (যার মধ্যে ফটোকপি, রেকর্ডিং, টেপিং বা তথ্য সংরক্ষণ ও পুনরুদ্ধার ব্যবস্থা অন্তর্ভুক্ত) পুনরুৎপাদন বা হস্তান্তর করা যাবে না। স্বত্ব, লাইসেন্স এবং আনুষঙ্গিক অধিকার সংক্রান্ত যেকোনো বিষয়ে–যার মধ্যে ফটোকপি বা পুনর্মুদ্রণের অনুমতিও অন্তর্ভুক্ত–অনুগ্রহ করে সম্পূর্ণ তথ্যসহ বিল্ড-এর কাছে অনুরোধ পাঠান।

আইএসবিএন: ৯৭৮-৯৮৪-৩৭-০৬৯৪-২

বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড)
ডিসিসিআই ভবন (১০ তলা)
৬৫-৬৬ মতিঝিল কমার্শিয়াল এরিয়া, ঢাকা-১০০০, বাংলাদেশ
ইমেইল: ceo@buildbd.org, info@buildbd.org
ওয়েবসাইট: www.buildbd.org

ডিসক্লেইমার

প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা খাতে আনুষ্ঠানিক ও টেকসই বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড) এবং আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) যৌথ উদ্যোগে এই **'ব্যবসায়ের নীতিনির্দেশিকা - প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা'** বইটি প্রকাশিত হয়েছে। উদ্যোক্তাদের জন্য বিশেষ করে নতুন ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য, ব্যবসা শুরুর পর্যায়ে প্রয়োজনীয় লাইসেন্স, অনুমোদন, সনদপত্র, পারমিট ও ফিস সংক্রান্ত সকল তথ্য এই গাইডবুকটিতে অন্তর্ভুক্ত করা হয়েছে যাতে এটি একটি সমন্বিত পাবলিকেশন হিসেবে সকলের কাজে লাগে।

এই গাইডবুকটি আইএলও-এর কারিগরি সহায়তায় বিল্ড কর্তৃক প্রস্তুত করা হয়েছে। এই পণ্যটি বাংলাদেশ ও কানাডায় 'শোভন কাজ' বিষয়ক ইউরোপীয় ইউনিয়ন, ডেনমার্ক, নেদারল্যান্ডস এবং সুইডেনের 'টিম ইউরোপ ইনিশিয়েটিভ'-এর আওতায় অর্থায়নকৃত। এখানে উপস্থাপিত তথ্যাবলি সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার পদস্থ কর্মকর্তা ও প্রতিনিধিদের সাথে সাক্ষাৎকার, সরকারি ওয়েবসাইট এবং অন্যান্য সেকেন্ডারি উৎস থেকে সংগ্রহ করা হয়েছে। যদিও গৃহীত উৎস অনুযায়ী অধিকাংশ তথ্যই নির্ভরযোগ্য, তবে ব্যাখ্যার ভিন্নতা, পর্যায়ক্রমিক নীতিগত পরিবর্তন বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক তথ্য-উপাত্ত হালনাগাদের কারণে তথ্যে কিছুটা পার্থক্য তৈরি হতে পারে।

বিল্ড ও আইএলও প্রকাশনাটি নির্ভুল ও নির্ভরযোগ্য করতে সর্বোচ্চ প্রচেষ্টা ও পেশাদারিত্ব বজায় রাখার চেষ্টা করেছে। তবে এটিকে কোনো আইনি দলিল হিসেবে গ্রহণ করা যাবে না। এই প্রকাশনার নির্ভুলতা যাচাইকরণে এবং সামগ্রিকভাবে এর প্রস্তুতকরণে শিল্প মন্ত্রণালয় সর্বাত্মক সহায়তা প্রদান করেছে।

বিস্তারিত তথ্যের জন্য এবং লাইসেন্স সংক্রান্ত সর্বশেষ ও সুনির্দিষ্ট তথ্য জানতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ওয়েবসাইট ভিজিট করার পরামর্শ দেওয়া হচ্ছে। এই গাইডবুকের সর্বত্র প্রতিটি সংশ্লিষ্ট ওয়েবসাইটের লিংক প্রদান করা হয়েছে।

সূচিপত্র

বিল্ড চেয়ারপারসনের বার্তা ৫
আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)-এর কান্ট্রি ডিরেক্টরের বার্তা ৬
বিল্ড-এর প্রধান নির্বাহী কর্মকর্তার (সিইও) বার্তা ৭
প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা গাইডবুক সম্বন্ধে ৮
বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড) সম্বন্ধে ১০
শব্দসংক্ষেপ ১২
এই গাইডে ব্যবহৃত গুরুত্বপূর্ণ পরিভাষার তালিকা ১৫
বিভিন্ন সংস্থা কর্তৃক ইস্যুকৃত লাইসেন্সের মেট্রিক্স ১৭
প্রয়োজনীয় লিঙ্কসমূহ ২০
বাংলাদেশে প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনার বাণিজ্যিক পরিচালনার জন্য লাইসেন্সের সংক্ষিপ্ত বিবরণ ২১

অধ্যায়-১: প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনার একটি সংক্ষিপ্ত পরিচিতি
প্লাস্টিক বর্জ্যকে অর্থনৈতিক সুযোগে রূপান্তর: বাংলাদেশে পুনর্ব্যবহারের সম্ভাবনা উন্মোচন ২৩

অধ্যায় ২: সাধারণ লাইসেন্স/সনদ/অনুমতিপত্র/নিবন্ধন/অনাপত্তি পত্র (NOC)-এর আবশ্যিক শর্তাবলী
২। সাধারণ লাইসেন্স সংক্রান্ত রূপরেখা ৩০
২.১। করদাতা শনাক্তকরণ নম্বর (টিআইএন) ৩১
২.২। ট্রেড লাইসেন্স ৩৩
২.৩। ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা (বিআইএন)/ ভ্যাট নিবন্ধন ৩৬
২.৪। বাংলাদেশে ব্যবসার জন্য ব্যাংক অ্যাকাউন্ট খোলা ৩৮
২.৫। নামের ছাড়পত্র সনদ ৩৯
২.৬। কোম্পানি নিবন্ধন (প্রাইভেট ও পাবলিক) ৪১
২.৭। শিল্প প্রকল্পের নিবন্ধন (যৌথ উদ্যোগ এবং ১০০% বিদেশি মালিকানাধীন) ৪৫
২.৮। প্ল্যান্ট নির্মাণ অনুমোদন ৪৮
২.৯। শিল্প আমদানি নিবন্ধন সনদের (অ্যাড-হক) জন্য সুপারিশপত্র ৫০
২.১০। শিল্প আমদানি নিবন্ধন সনদ (অ্যাড-হক) ৫৩
২.১১। ফায়ার লাইসেন্স ৫৬
২.১২। গ্যাস সংযোগ ৫৮
২.১৩। পানি সংযোগের অনুমোদন - বাণিজ্যিক বা শিল্প খাত ৬২
২.১৪। বিদ্যুৎ সংযোগ অনুমোদন ৬৫
২.১৫। আমদানি নিবন্ধন সনদ ৬৮
২.১৬। রপ্তানি নিবন্ধন সনদ ৭০

অধ্যায় ৩: নির্দিষ্ট খাতের নিয়ন্ত্রণমূলক আবশ্যকতা/সনদপত্র/অনুমতি/নিবন্ধন/না-আপত্তি পত্র
৩। প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা লাইসেন্সিং মানচিত্রায়ন
৩.১। পরিবেশগত ছাড়পত্র ৭৪
৩.২। বয়লার নিবন্ধন সনদ ৭৬
৩.৩। বয়লার অপারেটর লাইসেন্স ৭৮
৩.৪। কারখানা/প্রতিষ্ঠান/দোকানের লাইসেন্স ৮০
৩.৫। বিসিক রেজিস্ট্রেশন সনদ ৮৩
৩.৬। বিএসটিআই সার্টিফিকেশন মার্ক লাইসেন্স ৮৫
৩.৭। বিএসটিআই ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন ৮৭
৩.৮। বেসরকারি প্রতিষ্ঠানের কাছ থেকে ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেট ৯০
৩.৯। ইপিবি এনরোলমেন্ট সার্টিফিকেট ৯২
৩.১০। বর্জ্য সংগ্রহ পারমিট ৯৪

৩.১১। বাংলাদেশ পেট ফ্লেক্স উৎপাদক ও রপ্তানিকারক সমিতি (বিপিএফএমইএ) সদস্যপদ ৯৬
৩.১২। গ্লোবাল রিসাইকেল স্ট্যান্ডার্ড (জিআরএস) সার্টিফিকেট ৯৮
৩.১৩। রিসাইকেল্ড ক্লেইম স্ট্যান্ডার্ড (আরসিএস) সার্টিফিকেট ১০০
৩.১৪। ট্রানজ্যাকশন সার্টিফিকেট ১০২
৩.১৫। জিরো ডিসচার্জ অব হ্যাজার্ডাস কেমিক্যাল ১০৪
৩.১৬। প্লাস্টিক বর্জ্য পুনর্ব্যবহার সনদপত্র ১০৭

অধ্যায় ৪: প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনার জন্য প্রাসঙ্গিক গুরুত্বপূর্ণ নীতিমালার সারসংক্ষেপ
৪. গুরুত্বপূর্ণ নীতিমালার সারসংক্ষেপ ১০৯

অধ্যায় ৫: পরিশিষ্ট
পরিশিষ্ট ১: প্রসেস ম্যাপের প্রতীকের ব্যাখ্যা ১১১
পরিশিষ্ট ২: সুপারিশমালা ও মন্তব্য ফরম ১১২

বার্তা

BUILD
dialogue • research • advocacy
Business Initiative Leading Development

বিল্ড চেয়ারপারসনের বার্তা

আমি জেনে আনন্দিত যে, আইএলও-এর সহযোগিতায় বিল্ড, প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনার উপর একটি গুরুত্বপূর্ণ বিজনেস লাইসেন্সিং গাইডবই প্রকাশ করতে চলেছে। বাংলাদেশে ক্রমবর্ধমান এই গুরুত্বপূর্ণ বেসরকারি খাতকে সমর্থন এবং সচেতন করার জন্য বিল্ড এর এই ধারাবাহিক প্রচেষ্টা দেশের প্রথম প্রচেষ্টাগুলির মধ্যে অনন্য হয়ে থাকবে।

আমি বিশ্বাস করি যে, টেকসই উন্নয়ন, পরিবেশ সুরক্ষা এবং জনস্বাস্থ্য'র সচেতনাতায় প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা আমাদের জন্য একটি গুরুত্বপূর্ণ অগ্রাধিকার। বিশ্বব্যাপী এবং বাংলাদেশে প্লাস্টিক বর্জ্যের পরিমাণ বৃদ্ধি পাওয়ার সাথে সাথে, এই খাতে একটি সু-নিয়ন্ত্রিত এবং দক্ষ ব্যবসা প্রতিষ্ঠার জন্য স্পষ্ট নির্দেশনা এবং প্রাসঙ্গিক বিধিবিধান মেনে চলা প্রয়োজন। এই 'প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা ব্যবসায় লাইসেন্সিং নির্দেশিকা' বইটি উদ্যোক্তা, বিশেষতঃ যারা এই খাতে নতুন, এবং এই খাতে প্রবেশে আগ্রহী তাদের জন্য ব্যাপক তথ্য প্রদানের উদ্দেশ্যে তৈরি করা হয়েছে। বইটিতে একজন আনুষ্ঠানিক ব্যবসায়িক উদ্যোক্তা হওয়ার জন্য প্রয়োজনীয় আইনসিদ্ধ কাগজপত্র, প্রয়োজনীয় লাইসেন্সিং পদ্ধতি, পরিবেশগত ছাড়পত্র এবং কার্যকরী মানদণ্ড সমূহের মৌলিক তথ্যের একটি রূপরেখা উপস্থাপন করা হয়েছে যাতে করে পাঠক আইনগত এবং কার্যকরভাবে প্লাস্টিক বর্জ্যের সঠিক ব্যবস্থাপনার উদ্যোগ পরিচালনা করতে এবং পরিবেশ ও জলবায়ু পরিবর্তনের উপর দীর্ঘস্থায়ী প্রভাব নিয়ন্ত্রণ করে ব্যবসা পরিচালনা করতে পারে।

এই বইয়ে প্রদত্ত নির্দেশনাগুলো অনুসরণ করে ব্যবসা প্রতিষ্ঠানগুলো একদিকে যেমন সরকারি বিধিবিধান ও নীতিমালার সাথে সামঞ্জস্য নিশ্চিত করতে পারবে, তেমনি বর্জ্য সংগ্রহ, পুনর্ব্যবহার এবং টেকসই সম্পদ ব্যবস্থাপনায় সর্বোত্তম চর্চাগুলো ব্যবহারিকভাবে প্রয়োগ করতে সক্ষম হবে। এর ফলে পরিবেশ দূষণ হ্রাস পাবে, চক্রাকার অর্থনীতির চর্চা উৎসাহিত হবে এবং পরিবেশ ও অর্থনৈতিক উন্নয়নের জন্য গৃহিত বিভিন্ন জাতীয় উন্নয়ন লক্ষ্য ও উদ্যোগ অর্জনে সহায়তা করা সম্ভব হবে।

আমরা আশা করি, এই গাইডবুকটি সকল অংশীজনের জন্য একটি ব্যবহারিক ও সহজলভ্য রেফারেন্স হিসেবে কাজ করবে, যা লাইসেন্সিং প্রক্রিয়াকে আরও সহজ ও সুশৃঙ্খল করতে সহায়তা করবে এবং বাংলাদেশজুড়ে দায়িত্বশীল, উদ্ভাবনী ও টেকসই প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা ব্যবসার বিকাশে সহায়ক ভূমিকা পালন করবে।

এই উদ্যোগে বিল্ড-কে সহায়তা করার জন্য আমি আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)-এর প্রতি আমার আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি এবং আশা করি, আসন্ন বছরে বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশে উত্তরণের প্রেক্ষাপটে এই সহযোগিতা ব্যাপক ও তাৎপর্যপূর্ণ সাফল্য বয়ে আনবে। একই সঙ্গে, এ ধরনের একটি গুরুত্বপূর্ণ উদ্যোগের সূচনা ও বাস্তবায়নে অসাধারণ কাজের জন্য বিল্ড-এর গবেষণা দলের প্রতিও আমি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

আবুল কাসেম খান
চেয়ারপারসন
বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড)

আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)-এর কান্ট্রি ডিরেক্টরের বার্তা

বাংলাদেশের উদ্যোক্তাদের জন্য 'প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা ব্যবসা লাইসেন্সিং গাইডবইটি' উপস্থাপন করতে পেরে আমি আনন্দিত। এটি আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)-এর কারিগরি সহায়তায় বিল্ড-এর উদ্যোগে প্রকাশিত হয়েছে। এই গাইডবইটি বাংলাদেশের উদ্যোক্তাগণের বাস্তব চাহিদা বিবেচনায় নিয়ে লাইসেন্সিং প্রক্রিয়াকে আরও সহজ, স্পষ্ট ও ব্যবহারবান্ধব করার লক্ষ্য নিয়ে তৈরি করা হয়েছে। বিশেষত; কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগসমূহ (সিএমএসএমই) যেন জটিল লাইসেন্সিং কাঠামোর মধ্যেও সহজে পথনির্দেশনা পায়, সে উদ্দেশ্যে এখানে ধাপে ধাপে স্পষ্ট নির্দেশনা প্রদান করা হয়েছে। তথ্যপ্রাপ্তি সহজ করার মাধ্যমে এই গাইডবুকটি ব্যবসার আনুষ্ঠানিকীকরণ প্রক্রিয়াকে সহায়তা করে এবং উদ্যোক্তাদের আত্মবিশ্বাসের সঙ্গে ব্যবসা গড়ে তোলা ও সম্প্রসারণে মনোযোগী হতে সক্ষম করে।

প্লাস্টিক ও বর্জ্য ব্যবস্থাপনা খাত বিশেষ মনোযোগের দাবি রাখে। একদিকে এ খাত রপ্তানি বৈচিত্র্যকরণ ও চক্রাকার অর্থনীতির বিকাশে উল্লেখযোগ্য সম্ভাবনা রাখে, অন্যদিকে ছোট পরিসরের কনভার্টিং, সংগ্রহ, বাছাই ও পুনর্ব্যবহার কার্যক্রমে উচ্চমাত্রার অনানুষ্ঠানিকতা ও ঝুঁকি বিদ্যমান। অনুমোদন, পণ্যমান, বর্জ্য ব্যবস্থাপনা এবং নিরাপদ পুনর্ব্যবহার সংক্রান্ত লাইসেন্সিং প্রক্রিয়া স্পষ্টভাবে নির্ধারিত হলে প্রতিষ্ঠানগুলো পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা এবং পরিবেশগত মানদণ্ড পূরণে সক্ষম হবে। একই সঙ্গে এটি অনানুষ্ঠানিকতা হ্রাস, সহনশীলতা জোরদার এবং উচ্চ-মূল্য সংযোজনক্ষম বাজারে প্রবেশের সুযোগ সৃষ্টি করবে। প্লাস্টিক ভ্যালু চেইনে চক্রাকার পদ্ধতি সংযোজনের মাধ্যমে খাতটিকে আরও পরিচ্ছন্ন, নিরাপদ ও অন্তর্ভুক্তিমূলক করা সম্ভব, যা টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সার্কুলার অর্থনীতির দিকে ন্যায্য রূপান্তরে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

খাতভিত্তিক গুরুত্বের বাইরে, এই গাইডবইটি আরও দেখিয়েছে যে বাংলাদেশের লাইসেন্সিং প্রক্রিয়াগুলো সামগ্রিকভাবে আরও সরল ও মানসম্মত করা সম্ভব। প্রক্রিয়া সহজীকরণ, ফি কাঠামোর সামঞ্জস্য, সংস্থাসমূহের মধ্যে সমন্বয় জোরদার এবং ভবিষ্যতে একটি সমন্বিত সেবা প্ল্যাটফর্ম গড়ে তোলা হলে উদ্যোক্তাদের জন্য প্রতিবন্ধকতা কমবে এবং দেশের সামগ্রিক ব্যবসা পরিবেশ উন্নত হবে।

সম্মানজনক কাজের প্রসার এবং সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠার করার ক্ষেত্রে আইএলও (আইএলও)-এর ম্যান্ডেটের সঙ্গে এই প্রকাশনার উদ্দেশ্য ঘনিষ্ঠভাবে সামঞ্জস্যপূর্ণ। বিশেষভাবে, এই গাইডবইটি অনানুষ্ঠানিকতা থেকে আনুষ্ঠানিকতায় রূপান্তর বিষয়ক আইএলওর সুপারিশ ২০৪ (Recommendation 204) বাস্তবায়নে সহায়তা করে, সম্মানজনক কাজ ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি সম্পর্কিত টেকসই উন্নয়ন অভিষ্টলক্ষ্য-৮ (SDG 8) এর 'সম্মানজনক কাজ ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি' বাস্তবায়নে সহায়ক ভূমিকা রাখে এবং ওয়ান-স্টপ ও ডিজিটাল সেবা প্ল্যাটফর্মসহ নিয়ন্ত্রক সেবা প্রদান সহজীকরণে চলমান জাতীয় উদ্যোগসমূহের পরিপূরক হিসেবে কাজ করে।

এ প্রেক্ষাপটে আমি আমাদের উন্নয়ন সহযোগীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। বিশেষত; ইউরোপীয় ইউনিয়ন, ডেনমার্ক, নেদারল্যান্ডস ও সুইডেনের টিম ইউরোপ ইনিশিয়েটিভ অন ডিসেন্ট ওয়ার্ক ইন বাংলাদেশ, এবং কানাডা, যাঁরা Advancing Decent Work in Bangladesh প্রকল্পের মাধ্যমে আমাদের আনুষ্ঠানিকীকরণ প্রচেষ্টায় উদার সহায়তা প্রদান করেছেন।

বাংলাদেশে আইএলও কান্ট্রি অফিসের পক্ষ থেকে আমি এই প্রকাশনায় অবদান রাখা সকলকে অভিনন্দন জানাই এবং সরকার, নিয়োগকর্তা সংগঠন ও শ্রমিক সংগঠনের সঙ্গে ভবিষ্যতেও সহযোগিতা অব্যাহত রাখার প্রত্যাশা ব্যক্ত করছি, যাতে ব্যবসা শুরু, পরিচালনা ও সম্প্রসারণ আরও সহজ হয় এবং অধিক সংখ্যক প্রতিষ্ঠান আনুষ্ঠানিকভাবে বিকশিত হয়ে সবার জন্য সম্মানজনক কর্মসংস্থান সৃষ্টি করতে পারে।

ম্যাক্স টুননা
কান্ট্রি ডিরেক্টর
আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) বাংলাদেশ অফিস
ঢাকা, বাংলাদেশ

BUILD
dialogue • research • advocacy
Business Initiative Leading Development

বিল্ডের প্রধান নির্বাহী কর্মকর্তার (সিইও) বার্তা

বিজনেস লাইসেন্সিং গাইডবুক প্রণয়ন একটি ব্যতিক্রমধর্মী উদ্যোগ, যা অনানুষ্ঠানিক ব্যবসাকে আনুষ্ঠানিক খাতে রূপান্তরের প্রয়োজনীয়তা বিবেচনায় আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)-এর সঙ্গে আমাদের বিস্তৃত আলোচনার মাধ্যমে সম্পন্ন হয়েছে। আমরা সবাই সুস্পষ্টভাবে জানি যে, উদ্যোক্তাদের উদ্যোগসমূহ অনানুষ্ঠানিক হলে কর্মসংস্থানকে আনুষ্ঠানিক করা অত্যন্ত কঠিন। বাংলাদেশে অনানুষ্ঠানিক অর্থনীতির ব্যাপক উপস্থিতি টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির ক্ষেত্রে একটি বড় চ্যালেঞ্জ হিসেবে বিদ্যমান। বর্তমানে দেশের মোট শ্রমশক্তির প্রায় ৮৪ শতাংশ এবং বেসরকারি ব্যবসার প্রায় ৮৬ শতাংশ অনানুষ্ঠানিকভাবে পরিচালিত হচ্ছে, যা শ্রমিক সুরক্ষা নিশ্চিতকরণ এবং প্রতিষ্ঠানের প্রতিযোগী সক্ষমতা বৃদ্ধির ক্ষেত্রে একটি গুরুতর প্রতিবন্ধক।

বিল্ড মনে করে, কার্যকর বর্জ্য ব্যবস্থাপনা কেবল একটি পরিবেশগত প্রয়োজনীয়তা নয়; এটি উদ্ভাবন, উদ্যোক্তা বিকাশ এবং টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির একটি গুরুত্বপূর্ণ সুযোগও বটে। আমাদের শহর ও শিল্প খাত ক্রমাগতভাবে সম্প্রসারিত হওয়ার সঙ্গে সঙ্গে প্লাস্টিকসহ অন্যান্য বর্জ্য ব্যবস্থাপনার চ্যালেঞ্জ আরও প্রকট ও জরুরি হয়ে উঠছে।

এই প্রেক্ষাপটে আমরা দায়িত্বশীল বর্জ্য ব্যবস্থাপনা চর্চা প্রসারে এ খাতে যুক্ত ব্যবসা ও উদ্যোক্তাদের সহায়তা প্রদান এবং স্পষ্ট ও সহজলভ্য রেগুলেটরি দিকনির্দেশনা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। উন্নয়ন সহযোগীদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করে আমরা বর্জ্য পুনর্ব্যবহার, সম্পদ পুনরুদ্ধার এবং টেকসই বর্জ্য ব্যবস্থাপনা সমাধানে উদ্ভাবনকে উৎসাহিত করতে চাই, যাতে বর্জ্যকে একটি সমস্যা নয় বরং একটি মূল্যবান সম্পদে রূপান্তর করা যায়।

এই প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা গাইডবইটি ব্যবসায়ীদের জন্য নিয়ন্ত্রক কাঠামো সম্পর্কে সম্যক ধারণা, লাইসেন্সিং সংক্রান্ত প্রয়োজনীয়তা এবং উত্তম চর্চা বাস্তবায়নে সহায়ক হিসেবে প্রস্তুত করা হয়েছে। আমাদের প্রত্যাশা, এই গাইডবইটি প্রতিষ্ঠানসমূহকে দক্ষতার সঙ্গে পরিচালিত হতে, পরিবেশগত মানদণ্ড অনুসরণ করতে এবং একটি পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও টেকসই বাংলাদেশ গঠনে কার্যকর অবদান রাখতে সক্ষম করে তুলবে।

সহযোগিতা, উদ্ভাবন এবং উত্তম চর্চার প্রতি প্রতিশ্রুতির মাধ্যমে আমরা সম্মিলিতভাবে একটি চক্রাকার অর্থনীতির স্বপ্নকে বাস্তবতায় রূপ দিতে পারি। এই উদ্যোগে অসাধারণ সহায়তার জন্য আমার টিমের পক্ষ থেকে আমি আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)-এর প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। তাঁদের সহযোগিতা ছাড়া এই কাজটি সম্ভব হতো না। একই সঙ্গে আমাদের গবেষণা দলের প্রতিও আমি গভীর কৃতজ্ঞতা জানাই, যাঁরা আপাতদৃষ্টিতে এই অসম্ভব কাজটিকে সম্ভব করে তুলেছেন। প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা খাত উন্নয়নে এটি আমাদের প্রথম প্রচেষ্টা। তাই ভবিষ্যতে এ খাত আরও উন্নত ও বিস্তৃত করার লক্ষ্যে কাজ করার প্রত্যাশা রইল।

ফেরদৌস আরা বেগম
প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও)
বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড)

প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা গাইডবুক সম্বন্ধে

প্রেক্ষাপট ও প্রাসঙ্গিকতা

বাংলাদেশে বর্তমানে জনসংখ্যা ১৭.৫৭ কোটিরও বেশি এবং প্রতি বর্গকিলোমিটারে জনসংখ্যার ঘনত্ব ১,৩৫০ জনের অধিক। এই পরিসংখ্যান, বিশ্বে বাংলাদেশকে সর্বোচ্চ জনঘনত্বসম্পন্ন দেশগুলোর একটি হিসেবে চিহ্নিত করে। এই বিপুল জনগোষ্ঠীর একটি বড় অংশ ঢাকা, চট্টগ্রাম ও খুলনার মতো প্রধান কেন্দ্রীভূত। দ্রুত নগরায়ণ, শিল্পায়ন এবং বাণিজ্যিক কার্যক্রমের বিস্তারের ফলে এই অঞ্চলগুলোতে ভোগ্যপণ্য, প্যাকেজিং এবং দৈনন্দিন ব্যবহার্য সামগ্রী হিসেবে প্লাস্টিক পণ্যের চাহিদা ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে।

আধুনিক জীবনে, বিশেষ করে প্যাকেজিং, একবার ব্যবহারযোগ্য (single-use) পণ্য এবং ভোক্তা পণ্যে, প্লাস্টিক একটি সর্বজনীন উপাদান হয়ে উঠেছে। বিশ্বব্যাংকের ২০২০ সালের এক প্রতিবেদনের তথ্যমতে, বাংলাদেশে মাথাপিছু বার্ষিক প্লাস্টিক ব্যবহার গড়ে প্রায় ৯ কেজি, যা ই-কমার্স, খুচরা বাণিজ্যের সম্প্রসারণ এবং জীবনযাত্রার আধুনিকায়নের ফলে ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। রাজধানী ঢাকায় মাথাপিছু বার্ষিক ব্যবহার প্রায় ২২.২৫ কেজি, যা জাতীয় শহরাঞ্চলীয় গড় ব্যবহারের দ্বিগুণেরও বেশি। প্লাস্টিক দৈনন্দিন জীবন ও বাণিজ্যে সুবিধা ও দক্ষতা বাড়ালেও, এর ফলে একটি গুরুতর পরিবেশগত সংকট সৃষ্টি হয়েছে। প্লাস্টিক বর্জ্যের অনিয়ন্ত্রিত উৎপাদন, সংগ্রহ, ব্যবহার ও ব্যবহার পরবর্তী অপসারণ টেকসই নগরজীবনের ক্ষেত্রে বড় ধরনের প্রতিবন্ধকতা হয়ে দাঁড়িয়েছে। রাস্তা, ড্রেন, নদী ও ময়লার ভাগাড়ে জমে থাকা প্লাস্টিক বর্জ্য নগরগুলোতে জলাবদ্ধতা, পরিবেশগত অবক্ষয় এবং জনস্বাস্থ্য ঝুঁকি বাড়াচ্ছে এবং দীর্ঘমেয়াদে মারাত্মক পরিবেশগত ক্ষতির আশঙ্কা তৈরি করছে।

বাংলাদেশে প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা খাতটি মূলত অনানুষ্ঠানিক খাতভিত্তিক, যেখানে অধিকাংশ উদ্যোক্তা ও শ্রমিক যথাযথ লাইসেন্স, পরিবেশগত ছাড়পত্র কিংবা আনুষ্ঠানিক বর্জ্য ব্যবস্থাপনা ব্যবস্থার সঙ্গে সংযুক্ত না হয়েই কার্যক্রম পরিচালনা করে থাকেন। যদিও এই অনানুষ্ঠানিক খাত প্লাস্টিক সংগ্রহ ও পুনর্ব্যবহারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, তবুও এটি নানাবিধ সীমাবদ্ধতা ও ঝুঁকির সম্মুখীন।

এই বাস্তবতা থেকেই প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা নিয়ন্ত্রক গাইডবইটি প্রণয়ন করা হয়েছে। বইটি প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনায় যুক্ত সকল অংশীজনের জন্য একটি সমন্বিত, ব্যবহারিক ও কাঠামোবদ্ধ রেফারেন্স হিসেবে কাজ করবে। এতে প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা উদ্যোগ স্থাপন, পরিচালনা ও টেকসইভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় আইনগত বাধ্যবাধকতা, লাইসেন্সিং প্রক্রিয়া, সনদ ও অনুমতিসমূহ একত্রিতভাবে উপস্থাপন করা হয়েছে। এটি একটি দায়িত্বশীল ব্যবসায়িক রোডম্যাপ, যা অর্থনৈতিক সম্ভাবনার সঙ্গে পরিবেশগত সুরক্ষার ভারসাম্য রক্ষা করে।

গাইডবুকের উদ্দেশ্য এবং সীমা

প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা নিয়ন্ত্রক গাইডবইটি উদ্যোক্তা, স্টার্ট-আপ, ব্যবসা প্রতিষ্ঠান, সরকারি সংস্থা এবং এই খাতে আগ্রহী অন্যান্য অংশীজনদের জন্য একটি সমগ্র, ব্যবহারিক সহায়ক হিসেবে ডিজাইন করা হয়েছে। এটি একাধিক মূল উদ্দেশ্য পূরণ করে:

- রেগুলেটরি স্পষ্টতা: অনানুষ্ঠানিকভাবে পরিচালিত প্রতিষ্ঠানগুলো প্রায়ই লাইসেন্স, অনুমোদন এবং আইন মেনে চলার প্রয়োজনীয় তথ্যের অভাবে ভোগে। এই বইটিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ, লাইসেন্সের শর্তাবলী, পরিবেশগত অনুমোদন, কার্যক্রমের অনুমতি এবং পুনঃনবায়ন প্রক্রিয়ার তথ্য একত্রিত করা হয়েছ। বইটিতে ধাপে ধাপে নির্দেশনা প্রদান করা হয়েছে, যাতে সঙ্গতি বজায় রাখা সহজ হয় এবং প্রক্রিয়াগত অস্পষ্টতা কমে আসে।
- কার্যক্রমিক নির্দেশনা: অনানুষ্ঠানিক উদ্যোগগুলোর ক্ষেত্রে প্রায়ই সরকারি ও সহায়ক সংস্থার দ্বারা প্রদত্ত প্রযুক্তিগত নির্দেশনা, আর্থিক সহায়তা, প্রশিক্ষণ বা সক্ষমতা বৃদ্ধির প্রোগ্রামে সীমিত প্রবেশাধিকার থাকে। রেগুলেটরি প্রয়োজনীয়তার বাইরে, এই বইটি ব্যবসার আনুষ্ঠানিকীকরণ, বর্জ্য সংগ্রহ, বাছাই, পুনর্ব্যবহার এবং প্লাস্টিক বর্জ্য নিষ্পত্তির জন্য সর্বোত্তম চর্চার ধারণা প্রদান করে, যা অংশীজনদের দক্ষ, টেকসই এবং পরিবেশগতভাবে দায়িত্বশীল পদ্ধতি গ্রহণে সহায়তা করে।
- পুনর্ব্যবহার খাতের উন্নয়ন: অনানুষ্ঠানিক সংগ্রহ ও পুনর্ব্যবহার প্রক্রিয়া স্বাস্থ্য ঝুঁকি, পরিবেশ দূষণ এবং পুনর্ব্যবহৃত পণ্যের অসঙ্গতিশীল মান সৃষ্টি করে। এই প্রকাশনাটি উদ্যোক্তাদের বিস্তারিত নির্দেশনা প্রদানের মাধ্যমে প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনায় সহায়তা করে যাতে করে পুনর্ব্যবহার, বর্জ্য-থেকে-সম্পদ আহরণ উদ্যোগ, এবং সার্কুলার অর্থনীতির পদ্ধতি বিকাশে সহায়ক হয়।
- বাজার এবং বৃদ্ধির প্রতিবন্ধকতা: আনুষ্ঠানিক নিবন্ধনের অভাব, আর্থিক সংস্থান, প্রযুক্তি, বাজার এবং অংশীদারিত্বের সুযোগ সীমিত করে, যা টেকসই কার্যক্রম বৃদ্ধির সম্ভাবনাকে বাধাগ্রস্ত করে।
- অংশীজনের সম্পৃক্ততা: গাইড বইটিতে সরকারী প্রতিষ্ঠান, বেসরকারি খাত, সিভিল সোসাইটি সংস্থা এবং আন্তর্জাতিক উন্নয়ন সহযোগীদের সহযোগিতা বাড়ানো, প্রযুক্তিগত সহায়তা প্রদান এবং সামগ্রিক প্লাস্টিক ব্যবস্থাপনা ইকোসিস্টেম শক্তিশালী করতে ভূমিকা তুলে ধরা হয়েছে।

অনানুষ্ঠানিক থেকে আনুষ্ঠানিক কার্যক্রমে রূপান্তর শুধুমাত্র পরিবেশ ব্যবস্থাপনার জন্যই নয় বরং অর্থনৈতিক ক্ষমতায়ন, টেকসই ব্যবসা এবং সার্কুলার অর্থনীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণতার জন্যও গুরুত্বপূর্ণ। আনুষ্ঠানিকীকরণ নিশ্চিত করে যে, পরিচালনাকারীরা সরকারি সহায়তা পেতে পারে, নিয়মাবলী মেনে চলতে পারে, উন্নয়ন সেবা ব্যবহার করতে পারে এবং টেকসই বর্জ্য ব্যবস্থাপনা ইকোসিস্টেমে অর্থপূর্ণ অবদান রাখতে পারে। এক্ষেত্রে এই গাইডবইটি নিয়ন্ত্রক কাঠামো ও বাস্তব কার্যক্রমের মধ্যে সেতুবন্ধন রচনার মাধ্যমে উদ্যোক্তা ও ব্যবসায়ীদেরকে আইনি প্রয়োজনীয়তা মেনে চলতে এবং পরিবেশগত টেকসই ফলাফল অর্জনে যা সহায়তা করে।

নিয়ন্ত্রক এবং প্রতিষ্ঠানগত পরিবেশ

কার্যকর প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনার জন্য একটি শক্তিশালী নিয়ন্ত্রক ও প্রতিষ্ঠানগত কাঠামো প্রয়োজন। বাংলাদেশে একাধিক সরকারী কর্তৃপক্ষ, আইন এবং নীতি প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনার জন্য আইনি ও কার্যক্রমিক পরিবেশ সৃষ্টি করেছে। মূল উপাদানসমূহের মধ্যে রয়েছে:

- লাইসেন্স এবং অনুমোদন: উদ্যোক্তাদের পুনর্ব্যবহার ইউনিট, সংগ্রহ কেন্দ্র এবং বর্জ্য ব্যবস্থাপনা সুবিধা স্থাপনের জন্য লাইসেন্স প্রয়োজন। এছাড়াও ব্যবসা নিবন্ধন, পরিবেশ কর্তৃপক্ষের অনুমোদন সনদ (পরিবেশগত ছাড়পত্র), কার্যক্রম পরিচালনার অনুমতি এবং পুনঃনবায়ন অন্তর্ভুক্ত।
- পরিবেশ অনুমোদন ও সঙ্গতি: পরিবেশ অধিদপ্তর (DoE) এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (MoEFCC) পরিবেশগত মানদণ্ড, নিরাপদ পরিচালনা, সংরক্ষণ ও প্লাস্টিক বর্জ্য নিষ্পত্তি নিশ্চিত করার ক্ষেত্রে তদারকি করে। শিল্প ও বাণিজ্যিক পরিচালকদের বর্জ্য ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন, দূষণ নিয়ন্ত্রণ এবং পরিবেশগত প্রভাব পর্যবেক্ষণ করা প্রয়োজন।
- সার্কুলার অর্থনীতির নিয়মনীতি: জাতীয় 3R কৌশল (কমানো-পুনঃব্যবহার-পুনর্ব্যবহার) এবং খসড়া Extended Producers Responsibilities (EPR) কাঠামোর মতো নীতিমালা উৎপাদক, খুচরা বিক্রেতা এবং প্রস্তুতকারকদের উৎস পর্যায়ে বর্জ্য উৎপাদন কমাতে উৎসাহিত করে।
- সহায়ক প্রতিষ্ঠানসমূহ: সরকারী সংস্থার বাইরে, বেসরকারি খাত, এনজিও এবং প্রযুক্তিগত সহায়ক সংস্থা পুনর্ব্যবহৃত প্লাস্টিক পণ্যের বাজার উন্নয়ন, সক্ষমতা বৃদ্ধি এবং উদ্ভাবনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তারা প্রযুক্তি স্থানান্তর, সচেতনতা বৃদ্ধি এবং পাবলিক-প্রাইভেট অংশীদারিত্বের মাধ্যমে বর্জ্য ব্যবস্থাপনা মূল্যশৃঙ্খল শক্তিশালী করে।

এই সকল তথ্য একত্রিত করার মাধ্যমে, গাইডবইটি ব্যবসায়ীদের শুধু রেগুলেটরি প্রয়োজনীয়তা বোঝাতে সাহায্য করে না, বরং কার্যকরভাবে সেগুলো মেনে চলার উপায়ও দেখায়, যা আইনি ও ব্যবহারিক কার্যক্রমের নিশ্চয়তা নিশ্চিত করে।

কৌশলগত সুবিধা ও প্রভাব

প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা নিয়ন্ত্রক গাইডবইটি নিম্নলিখিত লক্ষ্য পূরণে সহায়ক:

ক. স্পষ্ট প্রক্রিয়াগত নির্দেশনা প্রদান করে সঙ্গতি নিশ্চিত করা। উদ্যোক্তারা লাইসেন্স অনুমোদন এবং পরিবেশগত প্রয়োজনীয়তা সহজভাবে পূরণ করতে পারবে।

খ. টেকসই প্র্যাকটিস প্রচার করা, যথাযথ সংগ্রহ, পুনর্ব্যবহার এবং অপসারণ নিশ্চিত করে পরিচ্ছন্ন শহর, কম দূষণ এবং উন্নত জনস্বাস্থ্য নিশ্চিত করা।

গ. পুনর্ব্যবহার এবং বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে অর্থনৈতিক সুযোগ সৃষ্টি করা। প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা একটি উদীয়মান খাত, যা উদ্যোক্তা সৃষ্টি, কর্মসংস্থান এবং শিল্প উদ্ভাবনের জন্য সম্ভাবনাময়।

ঘ. 3R নীতি এবং EPR চাহিদা কার্যকর করে সার্কুলার অর্থনীতির লক্ষ্য সমর্থন করা যাতে করে বাংলাদেশ কাঁচামালের ওপর নির্ভরতা কমাতে, উপাদান চক্র বন্ধ করতে এবং একটি টেকসই, স্থিতিশীল অর্থনীতির দিকে এগোতে পারে।

ঙ. সরকারী সংস্থা, বেসরকারি খাত এবং সহায়ক প্রতিষ্ঠানগুলোর ভূমিকা স্পষ্ট করে শাসন ও সহযোগিতা শক্তিশালী করা, সমন্বিত কর্ম এবং প্রতিষ্ঠানগত জবাবদিহিতা বৃদ্ধি করা।

সংক্ষেপে, প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা এখন আর ঐচ্ছিক বিষয় নয়, বরং এটি পরিবেশ রক্ষা, জনস্বাস্থ্য এবং টেকসই উন্নয়নের জন্য জাতীয় প্রয়োজন। এই গাইডবইটি একটি ব্যবহারিক রোডম্যাপ এবং কৌশলগত রেফারেন্স হিসেবে কাজ করবে, যা অংশীজনদেরকে প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা চ্যালেঞ্জকে অর্থনৈতিক ও পরিবেশগত সুযোগে রূপান্তর করতে সক্ষম করবে। গাইডবইটি বাংলাদেশের জন্য রেগুলেটরি কাঠামো, কার্যক্রমিক নির্দেশনা এবং সর্বোত্তম চর্চাকে সমন্বিত করে ভবিষ্যতের পরিচ্ছন্ন, সুস্থ ও টেকসই ব্যবসার লক্ষ্যকে সমর্থন করে। বইটি বাংলাদেশের উদ্যোক্তাদের উদ্যোগ এবং উদ্ভাবনের কার্যকর বাস্তবায়নের মাধ্যমে সার্কুলার অর্থনীতির ক্ষেত্রে নেতৃত্ব প্রদর্শন করতে পারে, জাতীয় ও আন্তর্জাতিক টেকসই ব্যবসার অঙ্গীকার পূরণ করতে পারে এবং দায়িত্বশীল প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনার জন্য একটি স্থিতিশীল ইকোসিস্টেম তৈরি করতে সহায়তা করতে পারে।

বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড) সম্বন্ধে

বিল্ড বাংলাদেশের বেসরকারি খাতের প্রতিনিধিত্বকারী সংস্থাগুলোর একক কণ্ঠস্বর হিসেবে সরকারের লক্ষ্যভিত্তিক বেসরকারি খাতের নেতৃত্বাধীন প্রবৃদ্ধির ওপর সময়োপযোগী ও দৃঢ় গুরুত্বারোপের প্রেক্ষাপট থেকে গঠিত হয়েছে। এটি সরকার দ্বারা লক্ষ্যভিত্তিক বেসরকারি খাত-নেতৃত্বাধীন প্রবৃদ্ধির ওপর জোর দিয়ে প্রতিষ্ঠিত এবং সরকারি ও বেসরকারি খাতের মধ্যে উন্নত যোগাযোগ, সমন্বয় এবং সহযোগিতা নিশ্চিত করতে এবং দেশের ব্যবসা ও বিনিয়োগ পরিবেশ উন্নয়নে সংস্কার আনার জন্য সেতুবন্ধন হিসেবে কাজ করে।

বিল্ড ২০১১ সালের অক্টোবর মাসে প্রতিষ্ঠিত হয় এবং ট্রাস্ট আইন অনুযায়ী ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (DCCI), মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (MCCI), এবং চট্টগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (CCCI)-এর যৌথ উদ্যোগ হিসেবে নিবন্ধিত হয়। গবেষণা, ও জরিপ অনুশীলনের ক্ষেত্রে ঘনিষ্ঠভাবে কাজ করার জন্য বিল্ড বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা, বিশ্ববিদ্যালয়, চেম্বার এবং থিঙ্ক ট্যাঙ্কের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে।

বিল্ড সর্বশেষ ও প্রাসঙ্গিক তত্ত্ব এবং তথ্য বিশ্লেষণ করে বেসরকারি খাতের উন্নয়নে চিন্তাবিদদের সঙ্গে কাজ করে। এছাড়াও বিল্ড বেসরকারি খাতের উন্নয়নে বিশেষজ্ঞদের সঙ্গে শক্তিশালী অংশীদারিত্ব স্থাপন করে, যাতে প্রকল্প শুরু করে পেশাদার এবং বিস্তৃত সেবা প্রদান করে বেসরকারী খাতকে জাতীয় ও আন্তর্জাতিকভাবে প্রতিযোগী করে গড়ে তোলা যায়।

একটি টেকসই প্ল্যাটফর্ম হিসেবে বেসরকারি খাতের পক্ষ থেকে সরকারের কাছে সংস্কারের জন্য পৃষ্ঠপোষকতা করতে বিল্ড সক্ষম। বিল্ড -এর প্রস্তাবিত সংস্কারগুলো শক্তিশালী গবেষণা এবং বিশ্লেষণের দ্বারা সমর্থিত, যাতে স্পষ্ট ও ব্যবসা-বান্ধব নীতিতে ফোকাস করা যায়। বিল্ড সকল প্রাসঙ্গিক মন্ত্রণালয় এবং বিশেষভাবে প্রধানমন্ত্রীর কার্যালয়-এর সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করে।

প্রাথমিক পর্যায়ে বিল্ড, আইএফসি এবং বিশ্বব্যাংক গ্রুপের অর্থায়ন এবং যুক্তরাজ্য সরকার ও ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে অংশীদারিত্বে পরিচালিত বাংলাদেশ ইনভেস্টমেন্ট ক্লাইমেট ফান্ড (BICF)-এর প্রযুক্তিগত সহায়তা পেয়েছিল। বর্তমানে বিল্ড স্বাধীন সংস্থা হিসেবে পরিচালিত, একটি সক্ষম ট্রাস্টি বোর্ড এবং শক্তিশালী সচিবালয় দ্বারা নিয়ন্ত্রিত।

BUILD কিভাবে সহায়তা করতে পারে?

বিল্ড বেসরকারি খাতের অর্থনৈতিক নীতি বিশ্লেষণ, ব্যবসায় তথ্য এবং বিভিন্ন খাতের ব্যবসায় সহায়তা করে।

- বিল্ড আপনাকে থিঙ্ক ট্যাঙ্ক, একাডেমিক, চেম্বার এবং বেসরকারি খাত উন্নয়ন বিশেষজ্ঞদের সঙ্গে শক্তিশালী অংশীদারিত্ব স্থাপনে সাহায্য করতে পারে।
- বিল্ড বাংলাদেশে ব্যবসার পরিবেশ সরলীকরণ, উন্নয়ন এবং ব্যয় কার্যকরীকরণের জন্য সংস্কারের পৃষ্ঠপোষকতা করতে পারে।
- বিল্ড আপনাকে বাস্তব পরিবর্তন আনার প্রক্রিয়ায় অংশগ্রহণের সুযোগ দেয়, যার সুফল পরবর্তীতে মনিটরিং ও মূল্যায়নের মাধ্যমে পরিমাপ করা যায়।
- বিল্ড ব্যবসার প্রক্রিয়াগুলো বিশ্লেষণ করে পরিবর্তনের প্রস্তাব দেয়।
- বিল্ড প্রাইভেট সেক্টর এর সমস্যাগুলোর ক্ষেত্রে নীতি সংস্কার করে প্রক্রিয়াকে সহজ করে।
- বিল্ড আন্তর্জাতিক অভিজ্ঞতাকে ব্যবহার করে ব্যবসা প্রক্রিয়াকে পুনসংগঠিতভাবে চালু করতে উল্লেখযোগ্য ভূমিকা রাখে।

আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) সম্বন্ধে

আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) ১৯৭২ সাল থেকে বাংলাদেশে "সবার জন্য শোভন কাজ" প্রচারের মাধ্যমে ন্যায্য কর্মসংস্থান, শ্রমিকের অধিকার, সামাজিক সুরক্ষা এবং সামাজিক সংলাপ নিশ্চিতকরণে কাজ করছে। আইএলও-এর বাংলাদেশে মিশন তার বৈশ্বিক ম্যান্ডেটের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

আইএলও'র কার্যক্রম:

- জাতীয় আইন আন্তর্জাতিক শ্রম মানদণ্ডের সঙ্গে সামঞ্জস্য করা।
- বিশেষভাবে তৈরি পোশাক খাত এবং অনানুষ্ঠানিক অর্থনীতিতে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা (OSH) উন্নয়নে সহযোগিতা প্রদান।
- দক্ষতা উন্নয়ন ও যুব কর্মসংস্থান, যা কর্মক্ষমতা ও উদ্যোক্তা উন্নয়নে সহায়ক।
- সামাজিক সুরক্ষা ও লিঙ্গ সমতা উদ্যোগ।
- ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (SME) সমর্থন এবং শালীন কাজের পরিবেশ প্রচার।

কেন এটি গুরুত্বপূর্ণ:

জাতীয় অর্থনীতিতে অনানুষ্ঠানিক প্রতিষ্ঠান ও শ্রমিকদের আনুষ্ঠানিকীকরণ, সামাজিক সুরক্ষা ও আর্থিক সেবায় প্রবেশাধিকার নিশ্চিতকরণ, উৎপাদনশীলতা বৃদ্ধি, রাজস্ব সৃষ্টিতে এবং অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিতকরণে আইএলও অবদান রাখে। আইএলও -এর প্রচেষ্টা টেকসই অভিষ্ট লক্ষ্য-৮-এর লক্ষ্য: শালীন কাজ ও অর্থনৈতিক প্রবৃদ্ধির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

কৃতজ্ঞতা

এই গাইডবইটি “Facilitating the Transition to Formality: Enhancing Business Information, Development Services, and Policy Inputs in Bangladesh” প্রকল্পের আওতায় আইএলও এর সহযোগিতায় প্রকাশ করা হয়েছে। এটি বাংলাদেশে প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা ও আনুষ্ঠানিকীকরণের জন্য কাঠামোবদ্ধ নিয়ন্ত্রক নির্দেশিকা প্রদানের প্রথম জাতীয় উদ্যোগ।

বিল্ড টিম কৌশলগত নির্দেশনা, উৎসাহ এবং তদারকির জন্য বিল্ড এর ট্রাস্টি বোর্ডের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করে। বিল্ড -এর চেয়ারপারসনের দৃষ্টিভঙ্গি, ফলপ্রসূ মতামত এবং অব্যাহত অনুপ্রেরণার জন্যও আন্তরিক ধন্যবাদ।

আইএলও টিমের অবিচল গাইডলাইন, প্রযুক্তিগত সহায়তা এবং ঘনিষ্ঠ সহযোগিতার জন্য বিশেষ কৃতজ্ঞতা। তাদের ফলপ্রসূ মতামত, অন্তর্দৃষ্টিসম্পন্নতা এবং সহায়তা এই গাইডবইয়ের কাঠামো, পদ্ধতি ও বিষয়বস্তুকে প্রভাবিত করেছে। বিল্ড টিম বাংলাদেশের আনুষ্ঠানিকীকরণের প্রক্রিয়া শক্তিশালী করার এবং টেকসই উদ্যোগ উন্নয়নে আইএলও -এর অঙ্গীকারকে বিশেষভাবে মূল্যায়ন করে।

সরকারি সংস্থা যেমন পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর, শিল্প মন্ত্রণালয়, বিএসটিআই, বাণিজ্য মন্ত্রণালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো, বিজনেস প্রমোশন কাউন্সিল, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং অন্যান্যদের প্রতিও আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। বেসরকারি খাতের ইউনিলিভার বাংলাদেশ, ব্র্যাক ইন্টারন্যাশনাল, এসজিএস, ইন্টারটেক, টিকিউসিএসআই, বিপিজিএমইএ, বিপিএফএমইএ এবং অন্যান্যদের প্রতিও কৃতজ্ঞতা।

বিল্ড-এর গবেষণা ও সমন্বয় টিমের নিষ্ঠা, বিশ্লেষণী দক্ষতা এবং দলগত কাজের জন্য বিশেষ ধন্যবাদ। এছাড়াও ডিজাইনার ও অনুবাদককে ধন্যবাদ, যাদের কারণে এই নথি ব্যবহারযোগ্য ও সহজবোধ্যভাবে উপস্থাপন করা সম্ভব হয়েছে।

শেষে, সকল অংশীজন, বিশেষজ্ঞ ও প্র্যাকটিশনারদের ধন্যবাদ, যারা তাদের সময়, অভিজ্ঞতা এবং তথ্য শেয়ার করেছেন, ফলে এই গাইডবুকটি যৌথ জ্ঞান ও সহযোগিতার ফলস্বরূপ তৈরি হয়েছে।

শব্দসংক্ষেপ

সংক্ষিপ্ত রূপ	পূর্ণ রূপ
এএও	সহকারী প্রশাসনিক কর্মকর্তা
এসিটি	কর সহকারী কমিশনার
এও	প্রশাসনিক কর্মকর্তা
এওএ	সংস্থাপন চুক্তি
এআর	সহকারী রেজিস্ট্রার
বিএবি	বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ড
বিএইউ	স্বাভাবিক ব্যবসা কার্যক্রম
বিবি	বাংলাদেশ ব্যাংক
বিডিএস	ব্যবসায় উন্নয়ন সেবা
বিডিটি	বাংলাদেশি টাকা
বিইসিএ	বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন
বেপজা	বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকা কর্তৃপক্ষ
বিইআরসি	বাংলাদেশ শক্তি নিয়ন্ত্রক কমিশন
বেজা	বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ
বিআইএএ	বাংলাদেশ ইন্ডেন্টিং এজেন্ট সমিতি
বিডা	বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
বিআইএন	ব্যবসায়িক শনাক্তকরণ নম্বর
বিওডি	পরিচালনা বোর্ড
বিপিএফএমইএ	বাংলাদেশ পেট ফ্লেকস উৎপাদক ও রপ্তানিকারক সমিতি
বিপিও	ব্যবসায় প্রক্রিয়া আউটসোর্সিং
বিআরপিডি	ব্যাংকিং নিয়ন্ত্রণ ও নীতি বিভাগ
বিআরটিএ	বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
বিএসসিআইসি	বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন
বিএসটিআই	বাংলাদেশ মান পরীক্ষা সংস্থা
সিবিসি	কাস্টমস বন্ড কমিশনারেট
সিসিআইএন্ডই	প্রধান আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক
সিডি	কমপ্যাক্ট ডিস্ক
সিডিএ	চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ
সিইও	প্রধান নির্বাহী কর্মকর্তা
সিআইবি	ক্রেডিট তথ্য ব্যুরো
সিএম	সার্টিফিকেশন মার্ক
সিও	উৎপত্তি সনদ
ডিবিআইডি	ডিজিটাল ব্যবসায়িক পরিচয়
ডিসি	ডেপুটি কমিশনার
ডিসিসিআই	ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি
ডিসিটি	উপ কর কমিশনার
ডেসকো	ঢাকা বিদ্যুৎ সরবরাহ কোম্পানি
ডাইফে	কারখানা ও প্রতিষ্ঠানের পরিদর্শন অধিদপ্তর

সংক্ষিপ্ত রূপ	পূর্ণরূপ (বাংলায়)
ডিআইজি	উপপরিদর্শক জেনারেল
ডিএমপি	ঢাকা মহানগর পুলিশ
ডিএনসিসি	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ডিওই	পরিবেশ অধিদপ্তর
ডিওটি	পরিবহন অধিদপ্তর
ডিআর	উপ রেজিস্ট্রার
ডিএসসিসি	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
ডিডাব্লিউএএসএ	ঢাকা পানি সরবরাহ ও নর্দমা কর্তৃপক্ষ
ইসিএ	পরিবেশগতভাবে সংবেদনশীল এলাকা
ইসিসি	পরিবেশগত ছাড়পত্র
ইসিআর	পরিবেশ সংরক্ষণ বিধিমালা
ইআইএ	পরিবেশগত প্রভাব মূল্যায়ন
ইএমপি	পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা
ইপিবি	রপ্তানি উন্নয়ন ব্যুরো
ইআরসি	রপ্তানি নিবন্ধন সনদ
ইএস	উদ্যোগ বিভাগ
ইটিএফ	উন্নত স্বচ্ছতা কাঠামো
ইভি	বৈদ্যুতিক যানবাহন
এফএসসিডি	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
জিটুজি	সরকার থেকে সরকার
জিএইচজি	গ্রীনহাউস গ্যাস
জিওবি	বাংলাদেশের সরকার
জিআরএস	বৈশ্বিক পুনর্ব্যবহৃত মান
জিইডিএসআই	লিঙ্গ সমতা, প্রতিবন্ধিতা ও সামাজিক অন্তর্ভুক্তি
এইচএসি সিপি	ঝুঁকি বিশ্লেষণ ও নিয়ন্ত্রণ পদ্ধতি
এইচডিপিই	উচ্চ ঘনত্ব পলিথিন
এইচএফসি	হাইড্রোফ্লোরোকার্বন
এইচকিউ	সদর দপ্তর
আইপিও	আমদানি নীতি আদেশ
আইপিপিইউ	শিল্প প্রক্রিয়া ও পণ্য ব্যবহার
আইটিএ	আয়কর আইন
এলসি	ক্রেডিট চিঠি
এলসিসি	অবস্থান অনুমোদন সনদ
এমএমএফ	মানবসৃষ্ট ফাইবার / কৃত্রিম তন্তু
এমওইএফসিসি	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
এমআরএসএল	উৎপাদন সীমিত পদার্থের তালিকা
এমটি	মেট্রিক টন
এমআরভি	পরিমাপ, রিপোর্টিং এবং যাচাই
এন/এ	প্রযোজ্য নয়
এনএপি	জাতীয় অভিযোজন পরিকল্পনা

সংক্ষিপ্ত রূপ	পূর্ণরূপ (বাংলায়)
এনইপি	জাতীয় পরিবেশ নীতি
এনআইডি	জাতীয় পরিচয়পত্র
এনএসডব্লিউ	বাংলাদেশ সিঙ্গেল উইন্ডো
ওবিপি	মহাসাগর-নির্ভর প্লাস্টিক
ওইসিডি	অর্থনৈতিক সহযোগিতা ও উন্নয়ন সংস্থা
পিই	পলিথিন
পিইটি	পলিথিন টেরেফথালেট
পিপি	পলিপ্রোপিলিন
পিএসএফ	পলিয়েস্টার স্টেপল ফাইবার
আরসিএস	পুনর্ব্যবহৃত দাবী মান
আরএমজি	তৈরি পোশাক
এসসিসি	সাইট অনুমোদন সনদ
এসএলএ	সেবা স্তর চুক্তি
এসএমই	ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ
এসএসপি	পলিমারাইজেশন/কঠিন অবস্থায় পলিমারকরণ
টিসি	লেনদেন সনদ
টিআইএন	কর শনাক্তকরণ নম্বর
ভ্যাট	মূল্য সংযোজন কর
ডব্লিউইএফ	বিশ্ব অর্থনৈতিক ফোরাম
জেডডিএইচসি	ক্ষতিকর রাসায়নিকের শূন্য নিঃসরণ

এই গাইডে ব্যবহৃত গুরুত্বপূর্ণ পরিভাষার তালিকা

এফওএলইউ	কৃষি, বন এবং অন্যান্য জমি ব্যবহার: জলবায়ু পরিবর্তন বিজ্ঞান ও নীতিতে মানুষের কার্যক্রম এবং এর গ্রিন হাউস গ্যাস নির্গমনের প্রভাব বোঝাতে ব্যবহৃত একটি সমষ্টিগত পরিভাষা
এ-চালান	স্বয়ংক্রিয় চালান ব্যবস্থা, যা ভ্যাট, কর এবং সরকারি ফি দ্রুত ও নিরাপদে জমা দেওয়ার সুযোগ প্রদান করে
অ্যাড হক আইআরসি	অস্থায়ী আমদানি নিবন্ধন সনদ যা শিল্প ইউনিটের জন্য প্রাথমিকভাবে এক বছরের জন্য ইস্যু করা হয়
এফিডেভিট	স্বেচ্ছায় লেখা বিবৃতি যা শপথ বা নিশ্চয়তার মাধ্যমে নিশ্চয়তা প্রদান করে এবং কর্তৃপক্ষের সামনে স্বাক্ষরিত হয়
এজিজি	মোট গ্রীনহাউস গ্যাস নির্গমন: বিভিন্ন গ্রীনহাউস গ্যাসের মোট পরিমাণ, সাধারণত কার্বন ডাই অক্সাইড সমতুল্য (CO_{2e}) হিসাবে গণনা করা হয়
এপিএ	প্যারিস চুক্তি সম্পর্কিত অস্থায়ী কার্যকরি দল, প্যারিস চুক্তি কার্যকর হওয়ার প্রস্তুতির জন্য এবং ইউএনএফসিসিসি-এর কাজকে সহায়তা করার জন্য প্রণয়ন করা হয়
একিউআই	বায়ু মান সূচক, বায়ু দূষণ ও এর স্বাস্থ্য প্রভাব বোঝাতে ব্যবহৃত সংখ্যাগত স্কেল
সংস্থাপত্র	একটি কোম্পানির কার্যক্রমের নিয়মাবলী নির্ধারণকারী দলিল, পরিচালক নিয়োগ, দায়িত্ব, ব্যবসার ধরণ ও আর্থিক রেকর্ড পরিচালনার প্রক্রিয়া নির্ধারণ করে
অ্যাসাইকুডা	স্বয়ংক্রিয় কাস্টমস তথ্য ব্যবস্থা যা অধিকাংশ বিদেশী বাণিজ্য প্রক্রিয়াকে কভার করে
ব্যাংক সলভেন্সি সনদ	একটি লিখিত দলিল যা ব্যক্তির বা কোম্পানির দীর্ঘমেয়াদি দায় মেটানোর সক্ষমতা নিশ্চিত করে
বিসিসিএসএপি	বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্মপরিকল্পনা, এটি বাংলাদেশ সরকারের একটি বিস্তৃত পরিকল্পনা
বিল অব এন্ট্রি	আমদানিকর্তা বা রপ্তানিকর্তার দ্বারা পণ্যগুলোর প্রকৃতি, পরিমাণ ও মূল্য ঘোষণা
বিল অব ল্যাডিং	শিপার ও পরিবাহকের মধ্যে আইনি দলিল, যা পণ্যের ধরণ, পরিমাণ ও গন্তব্য বিস্তারিতভাবে উল্লেখ করে
বন্ড	বন্ড ইস্যুকারীর ঋণপত্র, যা ধারককে প্রদেয়
ডিসির ব্যবসা ও বাণিজ্য শাখা	প্রতিটি ডিসি অফিসের সেই শাখা যা লাইসেন্স, পারমিট, এবং এনওসি সম্পর্কিত কাজ করে
কল সেন্টার	বড় আকারের টেলিফোন রিকোয়েস্ট গ্রহণ বা প্রেরণ করার কেন্দ্রিক অফিস
সংস্থাপন সনদ	কোম্পানি বা কর্পোরেশন গঠনের আইনি দলিল, যা আরজেএসসি দ্বারা ইস্যু করা হয়
চালান	পণ্য বা সেবার বর্ণনা, পরিমাণ, তারিখ এবং স্পেসিফিকেশন উল্লেখ করে বিক্রেতার পক্ষ থেকে গ্রাহককে পাঠানো দলিল
সিআইবি	সম্ভাব্য/বিদ্যমান ঋণযোগ্যতা যাচাই প্রতিবেদন, যা ঋণ প্রদান সিদ্ধান্তে সহায়ক ভূমিকা পালন করে
সিটিজেন চার্টার	সরকারী সেবা মান নিশ্চিত করতে নাগরিকদের জন্য সরকারের প্রতিশ্রুতি এবং সেবা সংক্রান্ত অধিকার ও দায়িত্বের বিবরণ
ডিড	একটি আইনি দলিল বিশেষ করে সম্পত্তি মালিকানা বা আইনি অধিকার সংক্রান্ত যা উভয় পক্ষ দ্বারা স্বাক্ষরিত থাকে এবং বিতরণ করা হয়,
ডিমান্ড নোট	সেবার জন্য বৈধ দাবী স্থাপনের জন্য আবেদনপত্র বা অনুরোধ/ইনভয়েস
ডাইরেক্ট ট্রেডার ইনপুট	ডাইরেক্ট ট্রেডার ইনপুট (ডিটিআই) কিভাবে অ্যাসাইকুডা++ ব্যবহারে কার্যকর হয় তার সংক্ষিপ্ত বিবরণ
ডুপ্লিকেট কার্বন রসিদ	একাধিক কপি রসিদ বই থেকে তৈরি দলিল, যার একটি কপি প্রাপকের জন্য এবং একটি প্রদানকারীর জন্য
ইসিসি	পরিবেশগত ছাড়পত্র, শিল্প, অবকাঠামো ও উন্নয়ন প্রকল্পের জন্য বাধ্যতামূলক অনুমোদন
ই-চালান	ইলেকট্রনিক চালান ব্যবস্থা, যা অর্থনৈতিক কার্যক্রম দ্রুত ও নিরাপদে জমা দিতে সক্ষম করে
সি অ্যান্ড এফ এজেন্ট	ক্লিয়ারিং ও ফরওয়ার্ডিং এজেন্ট, যিনি সরাসরি বা পরোক্ষভাবে পণ্য শুল্ক ও ফরওয়ার্ডিং কার্যক্রমে নিযুক্ত থাকেন

ফার্ম	পার্টনারশিপ আইন ১৯৩২ অনুযায়ী নিবন্ধিত অংশীদারিত্ব প্রতিষ্ঠান
গেজেটেড অফিসার	সরকারি গেজেট-এ তালিকাভুক্ত পদে নিযুক্ত প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা
জিআরএস	বৈশ্বিক পুনর্ব্যবহৃত মান, পুনর্ব্যবহৃত পণ্য ও সামাজিক ও পরিবেশগত দায়িত্ব যাচাই করে
জিএসপি	জেনেরালাইজড সিস্টেম অব প্রেফারেন্স, যা বিশ্ব বাণিজ্য সংস্থা-এর সাধারণ নিয়ম থেকে শুল্ক ছাড় প্রদান করে
জিএসপি রুলস অফ অরিজিন	জিএসপি ট্যারিফ সিস্টেমের অধীনে পণ্যের উৎপত্তি দেশ নির্ধারণের নিয়মাবলী
জিটিপি	সবুজ প্রযুক্তি কর্মসূচি, পরিবেশবান্ধব প্রযুক্তি প্রচার ও প্রয়োগের জন্য যা প্রয়োগ করা হয়
কার্যনির্বাহী অফিস	মন্ত্রণালয়ের পক্ষ থেকে লাইসেন্স ইস্যুর কাজ যে কার্যালয় সম্পাদন করে
ক্ষতিপূরণ বন্ড	বন্ড ধারককে সম্ভাব্য ক্ষতি হলে উপযুক্ত ক্ষতিপূরণ দেওয়ার নিশ্চয়তা প্রদান করে
আইএসসিসি	আন্তর্জাতিক টেকসই কৌশল ও কার্বন সনদ,যা পরিবেশ ও সামাজিক দায়িত্ব নিশ্চিত করে
আইএসও	আন্তর্জাতিক মান সংস্থা, যা মানদণ্ড উন্নয়ন ও মানদণ্ড নির্ধারণের নিয়মাবলি প্রকাশ করে
এমআরএসএল	উৎপাদন সীমিত পদার্থের তালিকা, যা উৎপাদনের সময় ব্যবহার নিষিদ্ধ রাসায়নিক অন্তর্ভুক্ত করে
নামজারি	সম্পত্তি হস্তান্তরের পর নতুন মালিকের নাম রেকর্ডে আপডেট করার আইনি প্রক্রিয়া
এন২ও	নাইট্রাস অক্সাইড: শক্তিশালী গ্রীনহাউস গ্যাস,যা কৃষি ও শিল্প কার্যক্রম থেকে নিঃসৃত হয়
ন্যাকম	প্রকৃতি সংরক্ষণ ব্যবস্থাপনা, যা বাংলাদেশের পরিবেশ সুরক্ষায় নিয়োজিত একটি বেসরকারি প্রতিষ্ঠান
এনএপিসিসি	জাতীয় জলবায়ু পরিবর্তন কর্মপরিকল্পনা, যার কৌশল ব্যবহার করে সরকার নীতি ও প্রোগ্রাম নির্ধারণ করে
এনডিসি	জাতীয়ভাবে নির্ধারিত অবদান, প্যারিস চুক্তি স্বাক্ষরকারী দেশের জলবায়ু কর্মপরিকল্পনা
এনডিই	ধ্বংসাত্মক নয় এমন মূল্যায়ন, যা অবকাঠামো ও যন্ত্রাংশ পরীক্ষার মাধ্যমে ক্ষতি প্রতিরোধ করে
এনইএম	নিট এনার্জি মিটারিং, গ্রাহককে অতিরিক্ত উৎপাদিত সৌর/বায়ু বিদ্যুতের জন্য অর্থ ফেরত প্রদান করার একটি প্রক্রিয়া
এনআইই নিয়োগকৃত প্রতিষ্ঠান	জাতীয় প্রতিষ্ঠান,যা জলবায়ু অভিযোজন প্রকল্পের জন্য সরাসরি তহবিল গ্রহণের অনুমোদনপ্রাপ্ত
মনোনীত ব্যাংক	আমদানিকর্তার জন্য নির্ধারিত অনুমোদিত ব্যাংক, আমদানি নিবন্ধন সনদে উল্লেখিত লিয়েন ব্যাংক
ওবিপি	মহাসাগর নির্ভর প্লাস্টিক, পরিবেশ থেকে অপসারণ উৎসাহিত করতে ব্যবহৃত সনদ
প্রাইভেট লিমিটেড কোম্পানি	কোম্পানি আইন ১৯৯৪ অনুযায়ী ২-৫০ অংশীদারযুক্ত নিবন্ধিত লিমিটেড কোম্পানি
পিএসআর	আয়কর আইন ২০২৩ এর ধারা ২৬৪ অনুযায়ী বিভিন্ন সেবা গ্রহণের সময় রিটার্ন জমার প্রমাণপত্র
পাবলিক লিমিটেড কোম্পানি	কোম্পানি আইন ১৯৯৪ অনুযায়ী ৭ বা তার বেশি অংশীদারযুক্ত কোম্পানি যেখানে অংশিদারগণদের শেয়ার ০.৫
আরসিএস	কোন পণ্যে পুনর্ব্যবহৃত উপাদান উপস্থিতি যাচাই করে আন্তর্জাতিক মান, সরবরাহ শৃঙ্খল স্বচ্ছতা নিশ্চিত করে
এসএলএ	সেবা প্রদানকারী ও গ্রাহকের মধ্যে চুক্তি, যার মাধ্যমে সেবার মান, সেবা প্রাপ্তির সময়সীমা, দায়িত্ব নির্ধারণ করা হয়। এর মাধ্যমে সেবায় ব্যঘাত ঘটলে শাস্তির বিধান নিশ্চিত করা হয়।
ট্র্যাকিং নম্বর	শিপমেন্টের জন্য অনন্য কোড, প্রেরক ও প্রাপক উভয়কে অবস্থান ও অগ্রগতি পর্যবেক্ষণ করতে সহায়তা করে
ট্রেজারি চালান	ট্রেজারি ইনভয়েস, বাংলাদেশ ব্যাংক দ্বারা নির্ধারিত জমা স্লিপ
ইউনিয়ন পরিষদ	বাংলাদেশের সবচেয়ে ছোট প্রশাসনিক ইউনিট যা গ্রাম ভিত্তিক
ডাব্লিউইসি	বিশ্ব শক্তি কাউন্সিল, শক্তির টেকসই সরবরাহ ও ব্যবহারের জন্য গঠিত একটি গ্লোবাল নেটওয়ার্ক
ডাব্লিউআরএপি	পানি সংরক্ষণ কর্মপরিকল্পনা সংস্থা বা সরকার কতটা পানি ব্যবহার হ্রাস করে পরিবেশ সহায়ক করা যায় তা নির্দেশ করে।
ডব্লিউএসএ	পানি নিরাপত্তা মূল্যায়ন, একটি এলাকায় জল সম্পদ সরবরাহ ও ব্যবস্থাপনা ক্ষমতা নির্ধারণ প্রক্রিয়া যার মাধ্যমে ঝুকি নিরীক্ষা, অগ্রগতির মূল্যায়ন ও নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা হয়
জেডসি	শূন্য কার্বন, কার্বন নির্গমন হ্রাসে বিভিন্ন খাতে গৃহিত উদ্যোগ
জেডডিএইচসি	ক্ষতিকর রাসায়নিক শূন্য নিঃসরণ, যা বস্ত্র, ফ্যাশন ও পাদুকা শিল্পে ক্ষতিকর রাসায়নিক ব্যবহার প্রতিরোধে একটি সমন্বিত উদ্যোগ এবং রাসায়নিক দ্রব্য ব্যবহার বিষয়ক সনদ প্রদান করে

বিভিন্ন সংস্থা কর্তৃক ইস্যুকৃত লাইসেন্সের মেট্রিক্স

সাধারণ নির্দেশনা: যেখানে কোনো নির্দিষ্ট কর্তৃপক্ষের উল্লেখ রয়েছে, সেখানে সংশ্লিষ্ট এখতিয়ারভুক্ত এলাকার বাইরে অবস্থিত আবেদনকারীদের তাদের ব্যবসায়িক অবস্থানের ওপর এখতিয়ারসম্পন্ন যথাযথ কর্তৃপক্ষ বা পরিষেবা প্রদানকারীর কাছ থেকে প্রয়োজনীয় লাইসেন্স, পারমিট, অনুমোদন, ছাড়পত্র বা ইউটিলিটি সংযোগ সংগ্রহ করতে হবে।

পাবলিক সেক্টর

মনোগ্রাম	সংস্থার নাম	লিংক	লাইসেন্সের নাম
	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি)	https://dscc.gov.bd/[1]	ট্রেড লাইসেন্স
Bangladesh Investment Development Authority BIDA	বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)	https://www.investbangladesh.gov.bd/	• শিল্প প্রকল্প নিবন্ধন (যৌথ উদ্যোগ ও ১০০% বিদেশি বিনিয়োগ) • শিল্প আমদানি নিবন্ধন সনদের (অ্যাড-হক) জন্য সুপারিশপত্র
BSTI	বাংলাদেশ স্ট্যান্ডার্ডস ও টেস্টিং ইনস্টিটিশন (বিএসটিআই)	https://bsti.gov.bd/	সার্টিফিকেশন মার্ক (CM) লাইসেন্স
	পরিবেশ অধিদপ্তর (ডিওই)	https://doe.gov.bd/	পরিবেশগত ছাড়পত্র
	কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফে)	https://dife.dhaka.gov-.bd/en	কারখানা নকশা অনুমোদন কারখানা ও প্রতিষ্ঠান নিবন্ধন সনদ
DESCO	ঢাকা বিদ্যুৎ সরবরাহ কোম্পানি লিমিটেড (ডেসকো)	https://desco.gov.bd/[2]	বিদ্যুৎ সংযোগ অনুমোদন
ওয়াসা	ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা)	https://dwasa.org.bd/[3]	পানি সংযোগ অনুমোদন
	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স (এফএসসিডি)	https://fireservice.gov.bd/	অগ্নি নিরাপত্তা ছাড়পত্র (Fire License)
	জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)	https://nbr.gov.bd/	করদাতা শনাক্তকরণ নম্বর (TIN) সনদ ভ্যাট (VAT) নিবন্ধন

১ আবেদনকারীরা তাদের ব্যবসার অবস্থানের ওপর ভিত্তি করে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন, পৌরসভা বা ইউনিয়ন পরিষদ থেকে ট্রেড লাইসেন্স সংগ্রহ করতে পারেন।

২ ঢাকার বাইরে অবস্থিত আবেদনকারীদের নিজ নিজ এলাকার সংশ্লিষ্ট স্থানীয় ইউটিলিটি সেবা প্রদানকারী সংস্থা বা উপযুক্ত কর্তৃপক্ষের কাছ থেকে প্রয়োজনীয় সংযোগ, অনুমোদন, অনুমতিপত্র বা অনাপত্তি সনদ (NOC)–যা প্রযোজ্য–সংগ্রহ করতে হবে।

৩ ঢাকার বাইরে অবস্থিত আবেদনকারীদের নিজ নিজ এলাকার সংশ্লিষ্ট স্থানীয় ইউটিলিটি সেবা প্রদানকারী সংস্থা বা উপযুক্ত কর্তৃপক্ষের কাছ থেকে প্রয়োজনীয় সংযোগ, অনুমোদন, অনুমতিপত্র বা অনাপত্তি সনদ (NOC)–যা প্রযোজ্য–সংগ্রহ করতে হবে।

মনোগ্রাম	সংস্থার নাম	লিংক	লাইসেন্সের নাম
	আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের কার্যালয় (সিসিআইঅ্যান্ডই)	https://olm.ccie.gov.bd/	আমদানি নিবন্ধন সনদ (IRC) রপ্তানি নিবন্ধন সনদ (ERC)
Registrar of Joint Stock Companies and Firms	যৌথ মূলধনী কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি)	https://app.roc.gov.bd/	নাম ছাড়পত্র (Name Clearance Certificate) কোম্পানি নিবন্ধন ডিজিটাল ব্যবসায় পরিচিতি (DBID) সনদ
	তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড	https://titasgas.gov.bd/	গ্যাস সংযোগের অনুমোদন
	জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ)	https://nsda.gov.bd/	দক্ষতা উন্নয়ন সেবা
	বয়লার প্রধান পরিদর্শকের কার্যালয়	https://boiler.gov.bd/	বয়লার অনুমোদন
	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (এমওএলই)	https://mole.gov.bd/	শ্রমিক বিষয়ক তদারকি ও কমপ্লায়েন্স

বেসরকারী খাত

	বাংলাদেশ প্লাস্টিক পণ্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি	https://bpgmea.org.bd/	কারিগরি ও পরীক্ষণ পরিষেবা
	যেকোনো তফসিলি ব্যাংক[৪]	https://fid.gov.bd/pages/static-pages/694032-ba35ce18e1c05614ba	ব্যাংক হিসাব খোলা
	বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্স সেন্টার (বিআইটিএসি)	https://bitac.gov.bd/	কারিগরি ও পরীক্ষণ সেবা
DCCI	ডিসিসিআই	https://www.dhakachamber.com/	সদস্যপদ সনদ
MCCI Since 1964	এমসিসিআই	https://mccibd.org/	সদস্যপদ সনদ


৪ বাংলাদেশে কেন্দ্রীয় ব্যাংক ছাড়াও চার ধরনের তফসিলি ব্যাংক রয়েছে।

মনোগ্রাম	সংস্থার নাম	লিংক	লাইসেন্সের নাম
	সিসিসিআই	https://www.chittagongc-hamber.com/	সদস্যপদ সনদ
	এফবিসিসিআই	https://fbcci.org/	সদস্যপদ সনদ
	বাংলাদেশ পিইটি ফ্লেকস অ্যাসোসিয়েশন		বাংলাদেশ পিইটি ফ্লেকস অ্যাসোসিয়েশন সদস্যপদ সনদ
	টিকিউসিএসআই বাংলাদেশ		ম্যানেজমেন্ট সিস্টেম সনদ
	ইন্টারটেক বাংলাদেশ	https://www.inter-tek.com/bangladesh/	১. গ্লোবাল রিসাইকেল স্ট্যান্ডার্ড (জিআরএস) ২. রিসাইকেল ক্লেইমড স্ট্যান্ডার্ড (আরসিএস) ৩. ট্রানজেকশন সনদ ৪. প্লাস্টিক বর্জ্য পুনঃচক্রণ সনদ (ইএন-১৫৩৪৩)
ZDHC	জেডডিএইচসি (মাল্টি-স্টেকহোল্ডার সংস্থা)	https://www.zdhc.org/	ক্ষতিকর রাসায়নিক শূন্য নিঃসরণ (জেডডিএইচসি)
Textile Exchange	টেক্সটাইল এক্সচেঞ্জ		একটি বৈশ্বিক অলাভজনক সংস্থা

প্রয়োজনীয় লিঙ্কসমূহ

নং	প্রতিষ্ঠান	ওয়েবসাইট
১	যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি)	https://app.roc.gov.bd/
২	জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), বাংলাদেশ	https://nbr.gov.bd/
৩	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	https://mole.gov.bd/
৪	শিল্প মন্ত্রণালয়	https://moind.gov.bd/
৫	বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)	https://www.investbangladesh.gov.bd/
৬	পরিবেশ অধিদপ্তর (ডিওই)	https://doe.gov.bd/
৭	রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি)	https://epb.gov.bd/
৮	কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডিআইএফই)	https://dife.dhaka.gov.bd/en
৯	প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি (সিআইসি অ্যান্ড ই)	https://olm.ccie.gov.bd/
১০	বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিএসসিআইসি)	https://bscic.gov.bd/
১১	ঢাকা পানি সরবরাহ ও নিষ্কাশন কর্তৃপক্ষ (ডব্লিউডাব্লিউএসএ)	https://dwasa.org.bd/
১২	ঢাকা ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডিএসকো)	https://desco.gov.bd/
১৩	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স	https://fireservice.gov.bd/
১৪	তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন পিএলসি	https://titasgas.gov.bd/
১৫	টেক্সটাইল এক্সচেঞ্জ	https://textileexchange.org/
১৬	বাংলাদেশ স্ট্যান্ডার্ড টেস্টিং ইনস্টিটিউট (বিএসটিআই)	https://bsti.gov.bd/
১৭	টোটাল কোয়ালিটি সার্টিফিকেশন সার্ভিসেস ইন্টারন্যাশনাল (টিকিউসিএসআই)	https://www.tqcsi.com/
১৮	এসজিএস	https://www.sgs.com/en-bd
১৯	বাংলাদেশ পেট ফ্লেকস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিপিএফএমইএ)	https://bpfmea-bd.com/
২০	বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিপিজিএমইএ)	https://bpgmea.org.bd/
২১	ইউনিলিভার বাংলাদেশ	https://www.unilever.com.bd/
২২	বিল্ডিং রিসোর্সেস অ্যাক্রস কমিউনিটিজ (ব্র্যাক)	https://www.brac.net/
২৩	ক্ষতিকর রাসায়নিক শূন্য নিঃসরণ (জেডডিএইচসি)	https://www.roadmaptozero.com/
২৪	ম্যানুফ্যাকচারিং রেস্ট্রিকটেড সাবস্ট্যান্সেস লিস্ট (এমআরএসএল)	https://mrsl-30.roadmaptozero.com/

বাংলাদেশে প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনার বাণিজ্যিক পরিচালনার জন্য লাইসেন্সের সংক্ষিপ্ত বিবরণ



সাধারণ লাইসেন্স:	১৫
প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা:	১৬
মোট:	৩১

অধ্যায় ১
প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনার একটি সংক্ষিপ্ত পরিচিতি

প্লাস্টিক বর্জ্যকে অর্থনৈতিক সুযোগে রূপান্তর: বাংলাদেশে পুনর্ব্যবহারের সম্ভাবনা উন্মোচন

প্লাস্টিক আধুনিক জীবনের সবচেয়ে অপরিহার্য উপকরণের একটি। এর বহুমুখিতা, সাশ্রয়ী খরচ এবং গৃহস্থালি সামগ্রী থেকে শুরু করে শিল্পজাত প্যাকেজিং পর্যন্ত বিস্তৃত ব্যবহার এটিকে সমসাময়িক ভোগ ও উৎপাদন ব্যবস্থার সঙ্গে অত্যন্ত নিবিড়ভাবে সংযুক্ত করেছে। তবে এই সুবিধার সঙ্গে এক গুরুত্বপূর্ণ পরিবেশগত সংকটও বৃদ্ধি পাচ্ছে। প্লাস্টিক সাধারণত জৈব উপায়ে ক্ষয়প্রাপ্ত হয় না, এবং এর নিয়ন্ত্রণহীন উৎপাদন, ব্যবহার ও অপসারণ পৃথিবীর অন্যতম জটিল পরিবেশগত চ্যালেঞ্জ হিসেবে আবির্ভূত হয়েছে।

এছাড়াও, প্লাস্টিকের উৎপাদনে প্রচুর পরিমান তাপশক্তি-ব্যবহৃত হয়, যা গ্রীনহাউস গ্যাস নির্গমনের মাধ্যমে জলবায়ু পরিবর্তনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। উৎপাদনের সময় ব্যবহৃত বিষাক্ত রাসায়নিক পরিবেশ স্বাস্থ্যঝুঁকি আরও বাড়িয়ে তোলে। একবার ব্যবহারের পর, প্লাস্টিক বর্জ্যের বড় অংশ সঠিকভাবে ব্যবস্থাপিত হয় না, এবং বর্জ্য হিসেবে পরিবেশে ছেড়ে দেওয়া হয়, যা মাটি, ভূগর্ভস্থ পানি এবং জলস্রোতকে দূষিত করে। ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম (২০১৬) সতর্ক করেছে যে, ২০৫০ সালের মধ্যে সমুদ্রের মাছের চেয়ে প্লাস্টিকের পরিমাণ বেশি হতে পারে।


বাংলাদেশেও দ্রুত নগরায়ন এবং শিল্প সম্প্রসারণের সঙ্গে সঙ্গে এই বৈশ্বিক প্রবণতাগুলোর প্রতিফলন ঘটছে। ২০১৯ সালের হিসাবে, দেশে বার্ষিক আনুমানিক ৮৭,০০০ টন একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক বর্জ্য ফেলা হয়, যার মধ্যে ৯৬% ছিল ভোক্তাদের ব্যবহৃত সামগ্রী থেকে এবং প্রায় ৩৩% ছিল পুনর্ব্যবহারযোগ্য নয় এমন।



ওয়ার্ল্ড ব্যাংক এর তথ্য অনুযায়ী, বাংলাদেশের শহরাঞ্চলে প্রতি ব্যক্তির বার্ষিক প্লাস্টিক ব্যবহারের পরিমাণ ২০০৫ থেকে ২০২০ সালের মধ্যে তিনগুণ বৃদ্ধি পেয়েছে যা ২০২০ সালে প্রায় ৯৭৭,০০০ টন প্লাস্টিক ব্যবহৃত হয়েছে। বিল্ড অনুমান করে যে বাংলাদেশে প্রতি বছর প্রায় ৮২১,২৫০ মেট্রিক টন (মে.ট.) প্লাস্টিক বর্জ্য উৎপন্ন হয়, যার ২৯৩,৮২৫ মে.ট. (৩৪.৭৭%) পুনর্ব্যবহৃত হচ্ছে, যা বৈশ্বিক গড় পুনর্ব্যবহার লক্ষ্যমাত্রার চেয়ে (৯% ওইসিডি, ২০২২) এর চেয়ে উল্লেখযোগ্যভাবে বেশি। বিল্ড এর সাম্প্রতিক জরিপ হিসাবে প্রতি বছর আনুমানিক ২০৭,৬৮৫ মে.ট. প্লাস্টিক বর্জ্য পরিবেশে ফেলে দেওয়া হয়, আর ৩১৯,৭৪০ মে.ট. বর্জ্যের ভাগারে পাঠানো হয়।

উল্লেখিত তথ্য নিশ্চিত করে যে বাংলাদেশের প্লাস্টিক শিল্প দ্রুত বৃদ্ধি পাচ্ছে এবং এটি কর্মসংস্থান-নির্ভর একটি উৎপাদনমুখী খাত হিসেবে আত্মপ্রকাশ করেছে, যা দেশীয় চাহিদা ও বৈশ্বিক বাণিজ্যকে সমর্থন করে। বাংলাদেশের প্লাস্টিক শিল্প দ্রুত বৃদ্ধি পাচ্ছে এবং এটি কর্মসংস্থান-নির্ভর একটি খাত, যা দেশীয় চাহিদা এবং বৈশ্বিক বাণিজ্যকে সমর্থন করে। বাংলাদেশ ইনভেস্টমেন্ট ডেভেলপমেন্ট অথরিটি'র তথ্য (বিডা) অনুযায়ী, দেশে ৬,০০০-এর বেশি প্লাস্টিক উৎপাদন ইউনিট রয়েছে, যার প্রায় ৮০% ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (এসএমই) এবং ৪৫০টি রপ্তানিমুখী প্রতিষ্ঠান। এই শিল্প প্রায় ১৫ লাখ কর্মীর কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি প্লাস্টিকজাত পণ্যের, দেশীয় চাহিদার ৮০%-এর বেশি পূরণ করে (মূল্য প্রায় ৩ বিলিয়ন মার্কিন ডলার), এবং বার্ষিক আনুমানিক ২০% হারে বৃদ্ধি পাচ্ছে। এর মধ্যে বেশিরভাগ ইউনিট ভোক্তাদের ব্যবহৃত বর্জ্যকে নিম্নমানের পুনর্ব্যবহৃত উপকরণে রূপান্তরিত করে।

দেশে বর্তমানে ২,৫০০-এরও বেশি ধরনের প্লাস্টিক পণ্য উৎপাদিত হয়, যার মধ্যে রয়েছে প্যাকেজিং শিল্প, নির্মাণ শিল্প, টেক্সটাইল, ভোক্তা পণ্য,খেলনা, ফার্মাসিউটিক্যালস, অটোমোবাইল এবং ইলেকট্রনিক্স অন্যতম। সাম্প্রতিক এক্সপোর্ট প্রমোশন ব্যুরোর (ইপিবি) তথ্য অনুযায়ী, খাতটির উৎপাদনের প্রায় ১৭% রপ্তানি করা হয়, যা বৈশ্বিক প্রতিযোগী সক্ষমতা বৃদ্ধিকে নির্দেশ করে। জাতীয় শিল্প নীতি ২০২২ অনুসারে রপ্তানি বৈচিত্র্য বৃদ্ধির জন্য প্লাস্টিক খাতকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরের জুলাই-ফেব্রুয়ারি সময়কালে প্লাস্টিক রপ্তানি ২১.২৫% বৃদ্ধি পেয়ে ২০৩.৬৩ মিলিয়ন মার্কিন ডলারে পৌঁছেছে। ঐতিহাসিকভাবে বাংলাদেশের রপ্তানি প্রধানত ইউরোপে কেন্দ্রীভূত যা, বর্তমানে উত্তর আমেরিকা, অস্ট্রেলিয়া এবং উদীয়মান আফ্রিকান বাজারে সম্প্রসারিত হচ্ছে।



বর্তমানে, বাংলাদেশের পেট ফ্লেকস প্রস্তুতকারক ও রপ্তানিকারকরা পরিবেশ অনুমোদন সনদ পান না, কারণ তারা যে কাঁচামাল ব্যবহার করেন তা অনিয়মিতভাবে সংগ্রহ করা হয়। অন্যদিকে, পলিয়েস্টার স্টেপল ফাইবার এবং সলিড-স্টেট পলিমারাইজেশন প্রস্তুতকারকরা কাঁচামালের ঘাটতির কারণে সমস্যায় পড়ছেন। এই অনিয়মিত অনিয়ন্ত্রিত ব্যবস্থাকে মোকাবিলা করার জন্য নীতি-প্রণয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

এক্ষেত্রে, নতুন এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তারা পরিবেশ অধিদপ্তরসহ অন্যান্য সংস্থা থেকে সনদপ্রাপ্তির বিষয়টি সম্পর্কে সচেতন নয়, যার ফলে তারা ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কাছ থেকে আর্থিক সহায়তা গ্রহণ করতে পারছে না। দেশের বিস্তৃত অনিয়মিত অনিয়ন্ত্রিত সংগ্রহ ও পুনর্ব্যবহার নেটওয়ার্ক, গতিশীল ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ এবং সিন্থেটিক ফাইবারের জন্য ক্রমবর্ধমান শিল্প চাহিদা একত্রে এই শিল্পের জন্য একটি শক্তিশালী ভিত্তি তৈরি করেছে, যা বাংলাদেশের প্লাস্টিক বর্জ্যকে সার্কুলার অর্থনীতির দিকে রূপান্তরের সুযোগকে নির্দেশ করে।

কৌশলগত বিনিয়োগ, নিয়ন্ত্রক নীতি সমূহের সংস্কার এবং সমন্বিত সরকারি-বেসরকারি উদ্যোগ বাংলাদেশের প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনাকে একটি মূল্যবান রপ্তানিমূখী শিল্প সম্পদে রূপান্তর করতে পারে, যা জাতীয় অর্থনৈতিক স্থায়িত্ব, টেকসই অভিষ্ট লক্ষ্য, বৈশ্বিক জলবায়ু সহনশীলতা ও সার্কুলার অর্থনীতির এজেন্ডার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। এই সংক্ষিপ্ত গাইডবুক এই শিল্পের নতুন উদ্যোক্তা ও অংশীজনদের জন্য একটি ব্যবহারিক নির্দেশিকা হিসেবে কাজ করবে, যা প্লাস্টিক খাতের অনানুষ্ঠানিক উদ্যোগগুলোকে সরকারি নিয়ম অনুসারে পরিচালনা করার জন্য পরিষ্কার এবং সহজ পথ প্রদর্শন করবে।


জেনেভা ভিত্তিক এনভায়রনমেন্ট নেটওয়ার্ক এর তথ্য অনুযায়ী, ২০২৩ সালে প্লাস্টিক পণ্যের বৈশ্বিক বাজার ছিল ৭১২ বিলিয়ন ডলার যা, ২০৩৩ সালের মধ্যে ১,০৫০ বিলিয়ন ডলার অতিক্রম করতে পারে (সিএজিআর: ৪%)। বাজার চাহিদার এই প্রবৃদ্ধির প্রাক্কলন বাংলাদেশের রপ্তানিকারকদের জন্য বিস্তৃত সুযোগ সৃষ্টি করেছে। বর্তমানে বাংলাদেশ বৈশ্বিক বাজারের মাত্র ০.৫% দখল করে আছে, এবং যা ৩%-এ উন্নীত করার স্পষ্ট পরিকল্পনা বিদ্যমান যদিও এই লক্ষ্যমাত্রা উত্পাদন স্বক্ষমতা বৃদ্ধির সাথে সাথে শক্তিশালী মূল্য প্রতিযোগিতা, এবং পণ্যের মান উন্নয়নের উপর বিশেষভাবে নির্ভরশীল।

বাংলাদেশে প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনার বেশিরভাগ কার্যক্রম অনানুষ্ঠানিক খাত দ্বারা পরিচালিত হয়। প্লাস্টিক বর্জ্য সংগ্রহ ও পুনর্ব্যবহার প্রক্রিয়ায় বৈশ্বিক অনানুষ্ঠানিক খাতের গড় অংশগ্রহণ প্রায় ৬০%, যেখানে বাংলাদেশে এই বর্জ্য সংগ্রহ এবং পুনর্ব্যবহার প্রক্রিয়ার প্রায় ৯০ শতাংশই অনানুষ্ঠানিক খাত দ্বারা পরিচালিত। এই অনিয়মিত ব্যবস্থাপনার পরেও, প্লাস্টিক বর্জ্য বাজারের মূল্য আনুমানিক ৪০০ বিলিয়ন টাকা (ফিনান্সিয়াল এক্সপ্রেস, ২০২৪)।

প্লাস্টিক পুনর্ব্যবহারের একটি সাধারণ প্রবাহ চিত্র নিচে প্রদর্শিত হলো:

বাংলাদেশ পেট ফ্লেকস প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি জানিয়েছে, দেশে বর্তমানে বিরানব্বই (৯২) টি ক্ষুদ্র রপ্তানিকারক প্রতিষ্ঠান পেট ফ্লেকস পুনরুৎপাদন ও রপ্তানি কার্যক্রমে নিয়োজিত রয়েছে। এছাড়াও আরও অনেক প্রতিষ্ঠান দেশীয় বাজারের জন্য উৎপাদন ও সরবরাহ করছে। পেট ফ্লেকস বর্তমানে ক্রমবর্ধমানভাবে গুরুত্বপূর্ণ কাঁচামাল হিসেবে পলিয়েস্টার স্টেপল ফাইবার উৎপাদনের জন্য ব্যবহৃত হচ্ছে, যা মূলতঃ তৈরি পোশাক এবং বস্ত্রশিল্পের জন্য কৃত্রিম তন্তু উৎপাদনের একটি মূল উপাদান। পলিয়েস্টার স্টেপল ফাইবার

ব্যবহার করে রেজিন এবং শীট থার্মোফরমিং উপকরণ উৎপাদন করা যায়, যার মধ্যে বোতল থেকে বোতল পুনরুৎপাদন করার জন্য সলিড-স্টেট পলিমারাইজেশন রেজিনও অন্তর্ভুক্ত।



নীতি বিবর্তন ও জাতীয় অঙ্গীকার

বাংলাদেশ প্লাস্টিক দূষণ মোকাবিলায় বিশ্বে অগ্রণী ভূমিকা পালন করেছে। ২০০২ সালে বাংলাদেশ বিশ্বের প্রথম দেশ হিসেবে প্লাস্টিক শপিং ব্যাগ নিষিদ্ধ করে। সাম্প্রতিক সময়ে সরকার টেকসই প্লাস্টিক ব্যবস্থাপনার জন্য জাতীয় কর্মপরিকল্পনা (National Action Plan for Sustainable Plastic Management) গ্রহণ করেছে, যেখানে নিম্নোক্ত উচ্চাভিলাষী লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে–

- ২০২৫ সালের মধ্যে প্লাস্টিকের পুনর্ব্যবহার ৫০% এ উন্নীতকরণ।
- ২০২৬ সালের মধ্যে একবার ব্যবহারযোগ্য (single-use) প্লাস্টিক উৎপাদন ৯০%-এ হ্রাসকরণ এবং
- ২০৩০ সালের মধ্যে প্লাস্টিক বর্জ্য উৎপাদন ৩০%-এ কমানো।

এই নীতিমালা ও লক্ষ্যমাত্রা টেকসই সম্পদ ব্যবস্থাপনায় সরকারের দৃঢ় জাতীয় অঙ্গীকারের প্রতিফলন এবং বৈশ্বিক সার্কুলার ইকোনমি (circular economy) লক্ষ্যের সঙ্গে সংগতিপূর্ণ।

প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনার চ্যালেঞ্জ ও সীমাবদ্ধতা

নীতিগত উচ্চাকাঙ্ক্ষা ও উদ্যোক্তাদের সক্রিয়তা থাকা সত্ত্বেও, প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনার পুরো ইকোসিস্টেমে এখনো বেশ কিছু গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ বিদ্যমান–

ক. সীমিত বর্জ্য ব্যবস্থাপনা অবকাঠামো: প্লাস্টিক বর্জ্যের বিপুল পরিমাণের তুলনায় সংগ্রহ, পৃথকীকরণ (segregation) ও প্রক্রিয়াজাতকরণ ব্যবস্থা অপর্যাপ্ত। দ্রুত নগরায়নভুক্ত এলাকায় বিশেষত; পৌরসভা, সিটি কর্পোরেশন, জেলা, বিভাগ সমূহে বেসরকারি খাতের সক্ষমতা মারাত্মকভাবে চাপে রয়েছে।

খ. অনানুষ্ঠানিক খাতের আধিপত্য: প্লাস্টিক পুনরুদ্ধার ও পুনর্ব্যবহারে অনানুষ্ঠানিক খাত অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করলেও, এই খাতটি এখনো প্রাতিষ্ঠানিক স্বীকৃতি, সনদ (certification) এবং অর্থায়নের সুযোগ থেকে বঞ্চিত।

গ. মানগত সীমাবদ্ধতা: প্লাস্টিক বর্জ্য বাছাই ও দূষণ নিয়ন্ত্রণের অভাবে উচ্চমানের পুনর্ব্যবহারযোগ্য প্লাস্টিক উৎপাদন সম্ভব হচ্ছে না, যা শিল্পখাতে ব্যবহারের জন্য প্রয়োজনীয়।

ঘ. নিয়ন্ত্রক ও অর্থায়ন প্রতিবন্ধকতা: ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তারা (SMEs) পরিবেশ অধিদপ্তর থেকে পরিবেশগত ছাড়পত্র ও প্রয়োজনীয় সনদ পেতে জটিলতার মুখোমুখি হন, ফলে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাতিষ্ঠানিক অর্থায়ন পাওয়ার যোগ্যতা সীমিত হয়ে পড়ে।

সার্কুলার ইকোনমিতে রূপান্তরের সুযোগ

বাংলাদেশ বর্তমানে এমন একটি গুরুত্বপূর্ণ পর্যায়ে দাঁড়িয়ে আছে, যেখানে কৌশলগত হস্তক্ষেপের মাধ্যমে প্লাস্টিক দূষণকে অর্থনৈতিক সুযোগে রূপান্তর করা সম্ভব–

- প্লাস্টিক-টু-টেক্সটাইল রিসাইক্লিং সংযোগ: দেশীয় পর্যায়ে পেটফ্লেক্স থেকে উচ্চমানের পলিয়েস্টার স্ট্যাপল ফাইবার উৎপাদনের সক্ষমতা গড়ে তুললে তৈরি পোশাক (RMG) খাতে আমদানি নির্ভরতা কমবে, মূল্য সংযোজন বাড়বে এবং সবুজ কর্মসংস্থান সৃষ্টি হবে।
- অনানুষ্ঠানিক খাতের আনুষ্ঠানিকীকরণ: নীতিগত স্বীকৃতি, লাইসেন্সিং সহায়তা এবং সবুজ অর্থায়নের সুযোগ প্রদান করলে এই খাতের দক্ষতা ও নিয়ম মেনে চলার সক্ষমতা উভয়ই বাড়বে।
- অবকাঠামোতে বিনিয়োগ: বিশেষ করে পৌরশহরগুলোতে বর্জ্য সংগ্রহ, বাছাই ও প্রক্রিয়াজাতকরণ অবকাঠামো শক্তিশালী করলে পরিবেশে প্লাস্টিকের দূষণ কমবে এবং সম্পদ পুনরুদ্ধার সর্বোচ্চ করা যাবে।
- নীতিগত সামঞ্জস্য ও প্রয়োগ: জাতীয় প্লাস্টিক নীতিকর্মপরিকল্পনাকে শিল্প, বাণিজ্য ও পরিবেশ নীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করা এবং কার্যকর প্রয়োগ নিশ্চিত করা টেকসই অগ্রগতির জন্য অপরিহার্য।
- বেসরকারি খাতের সম্পৃক্ততা: করপোরেট এক্সটেন্ডেড প্রডিউসার রেসপনসিবিলিটি (EPR), সবুজ সনদ এবং সার্কুলার ডিজাইন উদ্ভাবনে উৎসাহীতকরন পুনর্ব্যবহৃত প্লাস্টিকের জন্য একটি টেকসই ও স্থিতিশীল বাজার তৈরি করতে পারে।

বাংলাদেশে প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা কেবল একটি পরিবেশগত প্রয়োজন নয়; এটি সবুজ শিল্পায়ন, রপ্তানি বৈচিত্র্যকরণ এবং টেকসই নগর উন্নয়নের সঙ্গে গভীরভাবে সম্পৃক্ত একটি সামাজিক-অর্থনৈতিক সুযোগ। তবে বাস্তবতা হলো স্টার্টআপ ও এসএমইগুলোর একটি বড় অংশ পরিবেশ অধিদপ্তরসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের লাইসেন্স ও সনদ প্রক্রিয়া সম্পর্কে পর্যাপ্ত ধারণার অভাবে অন্ধকারে রয়েছে, যার ফলে তারা ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাতিষ্ঠানিক অর্থায়নের সুযোগ পাচ্ছে না।

দেশটির বিস্তৃত অনানুষ্ঠানিক রিসাইক্লিং নেটওয়ার্ক, গতিশীল এসএমই খাত এবং সিনথেটিক ফাইবারের ক্রমবর্ধমান শিল্পচাহিদা এই তিনটি বিষয়ই একটি সার্কুলার প্লাস্টিক অর্থনীতিতে রূপান্তরের জন্য শক্ত ভিত্তি তৈরি করেছে। কৌশলগত বিনিয়োগ, নিয়ন্ত্রক সংস্থাগুলোর নীতিসংস্কার এবং সমন্বিত সরকারি-বেসরকারি উদ্যোগের মাধ্যমে বাংলাদেশের প্লাস্টিক বর্জ্যকে মূল্যবান সম্পদে পরিণত করা সম্ভব, যা জাতীয় টেকসই উন্নয়ন লক্ষ্য এবং বৈশ্বিক জলবায়ু সহনশীলতা ও সার্কুলারিটির এজেন্ডায় গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

এই সংক্ষিপ্ত বইটি সংশ্লিষ্ট অংশীজনদের জন্য একটি ব্যবহারিক নির্দেশিকা হিসেবে কাজ করবে, যা লাইসেন্সিং প্রক্রিয়া সম্পর্কে স্পষ্ট দিকনির্দেশনা প্রদান করবে এবং উদ্যোক্তাদের আনুষ্ঠানিকীকরণ ও বৈশ্বিক প্রতিযোগিতায় সক্ষম হয়ে ওঠার একটি সুস্পষ্ট পথ দেখাবে।

তথ্য সংগ্রহের কার্যপ্রণালী ও পদ্ধতি

সামগ্রিক পদ্ধতি

প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা গাইডবইটি বাংলাদেশের প্লাস্টিক ভ্যালু চেইনের বাস্তবতাকে প্রতিফলিত করে এবং বিভিন্ন অংশীজনের অভিজ্ঞতা ও দৃষ্টিভঙ্গিকে অন্তর্ভুক্ত করে একটি অংশগ্রহণমূলক, তথ্য-প্রমাণভিত্তিক এবং পুনরাবৃত্তিমূলক (iterative) পদ্ধতির মাধ্যমে প্রণয়ন করা হয়েছে। প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা যেহেতু উৎপাদন, ভোগ, সংগ্রহ, পুনর্ব্যবহার এবং নীতিমালা প্রয়োগ এই পরস্পর সংযুক্ত ধাপগুলোর সমন্বয়ে গঠিত, তাই এই বই প্রকাশের কার্যপ্রণালীটি অন্তর্ভুক্তিমূলক, নমনীয় এবং বাস্তব প্রমাণের ওপর দৃঢ়ভাবে ভিত্তি করে করা হয়েছে।

এই বইটি স্থানীয় চর্চা, মানদণ্ড এবং প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতাগুলো বিবেচনায় নিয়ে এই খাতের সাথে সম্পৃক্ত অংশীজনদের দৃষ্টিভঙ্গিকে পদ্ধতিগতভাবে ধারণ করে গুণগত গবেষণায় প্রকাশিত হয়েছে। এছাড়াও, পরামর্শ সভা, স্নোবল স্যাম্পলিং এবং মূখ্য তথ্যদাতার সাক্ষাৎকার থেকে প্রাপ্ত তথ্যের ত্রিমাত্রিক বিশ্লেষণের মাধ্যমে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক উভয় খাতের সঙ্গে সম্পৃক্ত পরিচালনাগত ও নিয়ন্ত্রক কর্তৃপক্ষের বাস্তবতা সম্পর্কে বিস্তারিত ধারণা ও পরিধি নিরূপণ করা হয়েছে।

পদ্ধতিগত নকশা

অংশগ্রহণমূলক সম্পৃক্ততা

যৌক্তিকতা:

প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে আচরণগত, প্রাতিষ্ঠানিক এবং পদ্ধতিগত পরিবর্তন অপরিহার্য। অংশগ্রহণমূলক পদ্ধতি অন্তর্ভুক্তি, অংশীজনের মালিকানা এবং জাতীয় ও স্থানীয় অগ্রাধিকারের সঙ্গে সামঞ্জস্য নিশ্চিত করে।

প্রক্রিয়া:

ভ্যালু চেইনের বিভিন্ন স্তরের অংশীজনদের সঙ্গে কাঠামোবদ্ধ সম্পৃক্ততা পরিচালনা করা হয়, যার মধ্যে ছিল সরকারি সংস্থা (পরিবেশ অধিদপ্তর–DoE, বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন– BPC, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন–BSCIC, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন–BSTI, সিটি করপোরেশনসমূহ), বেসরকারি খাতের প্রতিষ্ঠান, অনানুষ্ঠানিক রিসাইক্লার, কমিউনিটি-ভিত্তিক সংগঠন এবং সহায়তামূলক সেবা প্রদানকারী সংস্থা।

মানসম্মত এজেন্ডা ব্যবহার করে বহু-পক্ষীয় পরামর্শ সভা ও যাচাইকরণ বৈঠক আয়োজন করা হয়, যেখানে পরিচালনাগত চ্যালেঞ্জ, নিয়ন্ত্রক সংস্থাসমূহের ঘাটতি এবং বাস্তবসম্মত সমাধান চিহ্নিত করা হয়। এসব তথ্য নথিভুক্ত, সংকলিত করে পরবর্তী সাক্ষাৎকারে শেয়ার করা হয়।

যৌক্তিকতা:

এই অংশগ্রহণমূলক প্রক্রিয়া নিশ্চিত করেছে যে গাইডবুকটি কেবল কারিগরি নয়, বরং বাস্তব প্রয়োগযোগ্য–যা স্থানীয় বাস্তবতা, প্রাতিষ্ঠানিক সীমাবদ্ধতা এবং অংশীজনদের অভিজ্ঞতাকে প্রতিফলিত করে।

স্নোবল স্যাম্পলিং

যৌক্তিকতা:

বিশেষত প্লাস্টিক বর্জ্য সংগ্রহ ও পুনর্ব্যবহার পর্যায়ে ব্যবস্থাপনা অত্যন্ত খণ্ডিত এবং অনানুষ্ঠানিক। প্রচলিত স্যাম্পলিং কাঠামোতে অনানুষ্ঠানিক খাতের অংশীজনরা প্রায়ই কম প্রতিনিধিত্ব করার সুযোগ পায়, অথচ পুনর্ব্যবহারযোগ্য উপকরণের প্রবাহ বোঝার ক্ষেত্রে তাদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

প্রক্রিয়া:

গবেষণা দল প্রথমে আনুষ্ঠানিক প্রতিষ্ঠান ও শিল্প সমিতির নির্বাচিত প্রাথমিক যোগাযোগ থেকে কাজ শুরু করে। প্রতিটি যোগাযোগ থেকে অনানুষ্ঠানিক সংগ্রাহক, ক্ষুদ্র পরিসরের রিসাইক্লার এবং বর্জ্য ব্যবসায়ীদের মতো অন্যান্য সংশ্লিষ্ট অংশীজনের তথ্য নেওয়া হয়। বিষয়ভিত্তিক লক্ষ্য অর্জিত না হওয়া পর্যন্ত এই তথ্যদাতাদের তথ্য শৃংখল ধাপে ধাপে সম্প্রসারিত করা হয়। স্বচ্ছতা নিশ্চিত করতে তথ্যদাতাদের তথ্যশৃংখল ও উৎসের সংখ্যা নথিভুক্ত করা হয়।

যৌক্তিকতা:

স্নোবল স্যাম্পলিংয়ের মাধ্যমে এমন অংশীজন, সরবরাহ শৃঙ্খল এবং অনানুষ্ঠানিক চর্চার মানচিত্রায়ন সম্ভব, যা সাধারণত ডেটাসেটে অনুপস্থিত থাকে। আনুষ্ঠানিকীকরণ, লাইসেন্সিং এবং সার্কুলার ইকোনমির সুযোগ চিহ্নিত করতে এই পদ্ধতি অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল।


মূখ্য তথ্যদাতার সাক্ষাৎকার (KIIs)

যৌক্তিকতা:

মূখ্য তথ্যদাতার সাক্ষাৎকার সংশ্লিষ্ট খাত সম্পর্কে বিশেষজ্ঞ জ্ঞান ও সিদ্ধান্তগ্রহণের ক্ষমতাসম্পন্ন ব্যক্তিদের কাছ থেকে প্রাতিষ্ঠানিক, ও পরিচালনাগত বাস্তবতা সম্পর্কে গভীর অন্তর্দৃষ্টি প্রদান করে।

প্রক্রিয়া:

মোট বত্রিশ (৩২) টি আধা-কাঠামোবদ্ধ মূখ্য তথ্যদাতার সাক্ষাৎকার সংগ্রহ করা হয়, যেখানে পরিবেশ অধিদপ্তর (DoE), বাংলাদেশ মাননিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সিটি করপোরেশনসমূহের কর্মকর্তা, শিল্প ও বাণিজ্য সংগঠনের প্রতিনিধি, রিসাইক্লিং প্রতিষ্ঠান, সহায়তামূলক সেবা প্রদানকারী সংস্থা এবং অনানুষ্ঠানিক খাতের নেতৃবৃন্দ অন্তর্ভুক্ত ছিলেন। এই কার্যক্রমে লাইসেন্সিং ও অনুমোদন প্রক্রিয়ায় প্রয়োগগত চ্যালেঞ্জ, পরিচালন পদ্ধতি এবং অর্থনৈতিক বাস্তবতা অন্তর্ভুক্ত করে একটি আধা-কাঠামোবদ্ধ সাক্ষাৎকার নির্দেশিকা ব্যবহার করা হয়, যা তথ্য সংগ্রহের ধারাবাহিকতাকে নিশ্চিত করে।



যৌক্তিকতা:

মূখ্য তথ্যদাতার সাক্ষাৎকার গবেষণা কার্যক্রমকে অংশগ্রহণমূলক ও বাস্তব পর্যবেক্ষণকে সম্পূরক হিসেবে কাজ করেছে এবং গাইডবুকটিকে প্রশাসনিক ও নিয়ন্ত্রক সংস্থার চর্চার বাস্তবতার সঙ্গে সংযুক্ত করেছে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বাস্তবসম্মত ও কার্যকর সুপারিশ প্রণয়ন করা হয়েছে।

তথ্য সমন্বয়, যাচাই ও মাননিয়ন্ত্রণ

ত্রিমাত্রিকতা (Triangulation):

তথ্য সংগ্রহ প্রক্রিয়ায় অংশগ্রহণমূলক পরামর্শ সংগ্রহ, স্নোবল স্যাম্পলিংভিত্তিক এবং মূখ্য তথ্যদাতার থেকে প্রাপ্ত ফলাফল ত্রিমাত্রিক প্রক্রিয়ায় বিশ্লেষণ করা হয়েছে, যাতে সামঞ্জস্যপূর্ণ তথ্য চিহ্নিত করা যায় এবং অসঙ্গতি দূর করা যায়। এতে ফলাফলের বিশ্বাসযোগ্যতা বৃদ্ধি পেয়েছে।

খসড়া পর্যালোচনা ও যাচাই:

প্রাথমিক ফলাফল ও সুপারিশসমূহ অংশীজনদের সঙ্গে পর্যালোচনার জন্য শেয়ার করা হয়। কারিগরি তথ্য যাচাই, বাস্তব ত্রুটি সংশোধন এবং প্রস্তাবিত কার্যক্রমের প্রতি সমর্থন নিশ্চিত করতে লক্ষ্যভিত্তিক যাচাইকরণ বৈঠকও আয়োজন করা হয়।

মাননিয়ন্ত্রণ (QA):

মাননিয়ন্ত্রণ ব্যবস্থার মধ্যে ছিল সাক্ষাৎকারগ্রহণকারীদের প্রশিক্ষণ, নিয়মিত ডি-ব্রিফিং, কাঠামোবদ্ধ উপকরণ ও খসড়া ব্যবহার, সমসাময়িক তথ্য নির্দেশিকা এবং অডিও রেকর্ড সংরক্ষণ।

নৈতিকতা, সম্মতি ও তথ্য ব্যবস্থাপনা

সব অংশগ্রহণকারীর কাছ থেকে প্রাপ্ত তথ্য তাদের সম্মতিক্রমে (informed consent) নেওয়া হয়েছে। রেকর্ডকৃত সাক্ষাৎকার নিরাপদভাবে সংরক্ষণ করা হয়েছে এবং স্পষ্ট সম্মতি না থাকলে ব্যক্তিগত পরিচয়সংক্রান্ত তথ্য অপসারণ করা হয়েছে। তথ্য এনক্রিপ্টেড ড্রাইভে সংরক্ষিত, যা কেবল অনুমোদিত প্রকল্প কর্মীদের জন্য প্রবেশযোগ্য। গবেষণাটি জাতীয় বিধিমালা এবং সামাজিক গবেষণার জন্য প্রতিষ্ঠিত নৈতিক মানদণ্ড অনুসরণ করেছে।

সীমাবদ্ধতা

এই গবেষণার প্রধান সীমাবদ্ধতার মধ্যে রয়েছে, স্নোবল স্যাম্পলিংয়ে তুলনামূলকভাবে বেশি সংযুক্ত অংশীজনদের দিকে ঝুঁকে পড়ার সম্ভাবনা, গুণগত তথ্যের কারণে পরিসংখ্যানগত সাধারণীকরণের সীমাবদ্ধতা, এবং কিছু এলাকায় প্রবেশাধিকারের প্রতিবন্ধকতা। এসব সীমাবদ্ধতা ত্রিমাত্রিক রেফারাল চেইনের মাধ্যমে স্বচ্ছতার সাথে নথিভুক্তকরণ এবং অনুসরণমূলক পরামর্শ সভার মাধ্যমে আংশিকভাবে নিরসন করা হয়েছে।

উপসংহার

অংশগ্রহণমূলক সম্পৃক্ততা, স্নোবল স্যাম্পলিং এবং মূখ্য তথ্যদাতার সাক্ষাৎকার–এই তিনটি পদ্ধতির সমন্বয়ে একটি বিস্তৃত, বাস্তবভিত্তিক এবং কার্যকর প্রমাণভিত্তিক কাঠামো গড়ে তোলা হয়েছে। এই কার্যপ্রণালী বাংলাদেশের প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা ইকোসিস্টেম সম্পর্কে একটি সামগ্রিক ধারণা প্রদান করেছে, যেখানে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক উভয় খাতই অন্তর্ভুক্ত। এর ফলে এমন একটি লাইসেন্সিং গাইডবুক প্রণয়ন সম্ভব হয়েছে, যা কারিগরি দিক থেকে দৃঢ়, বাস্তবায়নযোগ্য এবং প্রাতিষ্ঠানিক কাঠামোর সঙ্গে সুসংগত।

অধ্যায় ২
সাধারণ লাইসেন্স/সনদ/ অনুমতিপত্র/নিবন্ধন/ অনাপত্তি পত্র (NOC)-এর আবশ্যিক শর্তাবলী

সাধারণ লাইসেন্স সংক্রান্ত রূপরেখা

বাংলাদেশে বাণিজ্য, উৎপাদন বা সেবা যে খাতেই হোক না কেন, ব্যবসা শুরু করার ক্ষেত্রে আইনি ও পরিচালনাগত সঠিকতা (compliance) নিশ্চিত করার জন্য বেশ কিছু নিয়ন্ত্রকারী সংস্থার অনুমোদন এবং লাইসেন্স গ্রহণ করা অত্যাবশ্যক। সাধারণত, আয়কর শনাক্তকরণ নম্বর (টিন), ট্রেড লাইসেন্স এবং ব্যবসায়িক ব্যাংক অ্যাকাউন্টের মতো মৌলিক প্রয়োজনীয় ডকুমেন্ট গুলি সহ প্রায় পনেরোটি (১৫) প্রধান লাইসেন্স এবং নিবন্ধন সম্পন্ন করতে হয়।

ইনকরপোরেটেড বা লিমিটেড কোম্পানির ক্ষেত্রে, নামের ছাড়পত্র (Name Clearance Certificate) এবং যৌথ মূলধনী কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (RJSC)-এর নিবন্ধন গ্রহণ করা অপরিহার্য। শিল্প প্রকল্পের ক্ষেত্রে কারখানার লে-আউট বা নকশা অনুমোদন, প্ল্যান্ট নির্মাণ এবং শিল্প উৎপাদনের নিবন্ধনের পাশাপাশি অগ্নি নিরাপত্তা, গ্যাস, পানি এবং বিদ্যুৎ সংযোগের লাইসেন্স বা অনুমোদনের প্রয়োজন হয়। উপরন্তু, আমদানিকারক এবং রপ্তানিকারকদের আমদানি নিবন্ধন সনদ (IRC), রপ্তানি নিবন্ধন সনদ (ERC) এবং ব্যবসায়িক পরিচিতি নম্বর (BIN) সংগ্রহ করতে হয়।

এই প্রক্রিয়াগুলো সামগ্রিকভাবে ব্যবসায়িক কার্যক্রমকে আনুষ্ঠানিক রূপ দেয় এবং বাংলাদেশে কর, নিরাপত্তা ও খাতভিত্তিক বিধি বিধানের যথাযথ প্রতিপালন নিশ্চিত করে। নতুন উদ্যোক্তা বা উদ্যোগের জন্য এই মৌলিক লাইসেন্স বা অনুমতিপত্রগুলো সংগ্রহের বিস্তারিত প্রক্রিয়া নিচে দেওয়া হলো।

করদাতা শনাক্তকরণ নম্বর (টিআইএন)

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	বাংলাদেশে কোনো কোম্পানিকে বৈধভাবে কার্যক্রম পরিচালনা করতে ও কর পরিশোধের জন্য করদাতা শনাক্তকরণ নম্বর (টিআইএন) প্রয়োজন।
যাদের জন্য প্রয়োজন	নতুন নিবন্ধিত কোম্পানি বা যেসব প্রতিষ্ঠানের টিআইএন নম্বর নেই।
সেবার আওতা	দেশের সর্বত্র

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয়/সংস্থা	অর্থ মন্ত্রণালয়
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), আয়কর উইং রাজস্ব ভবন প্লট নং এফ১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ টেলিফোন: (+৮৮) ০২২২২২১৭৭০০-০৯
অনলাইন পোর্টাল/লিঙ্ক	https://www.incometax.gov.bd

নবায়ন

সময়	প্রযোজ্য নয়
মাধ্যম	অনলাইন

প্রয়োজনীয় পদক্ষেপ


পূর্বশর্ত	আরজেএসসি-এর আওতায় কোম্পানি নিবন্ধন অথবা ডিসি অফিস, ইউনিয়ন পরিষদ বা সিটি করপোরেশনের অধীনে নিবন্ধন।	
প্রয়োজনীয় নথিপত্র	**নথিপত্র**	**মন্তব্য**
	কোম্পানির নিবন্ধিত নাম	আরজেএসসি নিবন্ধন অনুযায়ী
	ইনকরপোরেশন নম্বর ও তারিখ	আরজেএসসি কর্তৃক প্রদত্ত
	কোম্পানির নিবন্ধিত ঠিকানা	
	অনুমোদিত ব্যক্তির নাম	ব্যবস্থাপনা পরিচালক, চেয়ারম্যান বা প্রতিনিধি
	ইউনিক মোবাইল নম্বর	যাচাইকরণ ও যোগাযোগের জন্য
	সার্টিফিকেট ডেলিভারির জন্য ইমেল ঠিকানা	

দ্রষ্টব্য: আরজেএসসি নিবন্ধিত নয় এমন কোম্পানিকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত এনরোলমেন্ট ডকুমেন্ট জমা দিতে হবে। ডকুমেন্ট আপলোড সবসময় প্রাথমিকভাবে প্রয়োজন নাও হতে পারে, তবে প্রতিষ্ঠা-সংক্রান্ত সকল দলিল ও নথিপত্র প্রস্তুত রাখা উচিত।

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	আবেদনকারী কর্তৃক এই লিংকে প্রবেশ: https://www.incometax.gov.bd
ধাপ ২	ফরম পূরণ
ধাপ ৩	সিস্টেম অ্যাক্টিভেশন কোড প্রাপ্তি
ধাপ ৪	অন্যান্য তথ্য প্রদান
ধাপ ৫	অনলাইনে ফর্ম জমা
ধাপ ৬	ইমেইলে সার্টিফিকেট গ্রহণ
ধাপ ৭	টিআইএন সার্টিফিকেট গ্রহণ

প্রক্রিয়াচিত্র



ফি

আবেদন ফর্ম	কোনো ফি নেই
লাইসেন্স ফি	প্রযোজ্য নয়
অন্যান্য চার্জ	প্রযোজ্য নয়

সময়সীমা

এসএলএ / সময়	৩০ মিনিট
সাধারণ প্রসেসিং সময়	সহায়তাকারী সেবা প্রদানকারীর সম্পৃক্ততা মাঝে মাঝে অতিরিক্ত ব্যয় সৃষ্টি করতে পারে।

নবায়ন

প্রয়োজনীয় নথি	প্রয়োজন নেই
প্রক্রিয়ার ধাপ	প্রয়োজন নেই
ফি	প্রয়োজন নেই

নোট / পরামর্শ

সাধারণ প্রতিবন্ধকতাসমূহ	• ভুল ফরম পূরণ করা • ভুল তথ্য (যেমন: নামের বানান, মোবাইল নম্বর) • ঠিকানা কেন্দ্রিক অসামঞ্জস্য
স্থানভেদে পার্থক্য	সার্কেল অফিস
যোগাযোগ	জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)
সুপারিশ	একটি নির্দিষ্ট ব্যবসায় নিবন্ধন পোর্টাল চালু করা যেতে পারে, যেখানে আবেদনের মাধ্যমেই ই-টিআইএন, বিআইএন এবং অন্যান্য প্রাসঙ্গিক নিবন্ধন করা সম্ভব।

ট্রেড লাইসেন্স

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	• ব্যবসা পরিচালনার আইনগত অনুমতি প্রাপ্তি। • বাংলাদেশে যেকোনো ব্যবসা আনুষ্ঠানিকভাবে শুরু করতে এবং স্থানীয় সরকার কর্তৃপক্ষের বিধিনিষেধ মেনে চলতে বৈধ ট্রেড লাইসেন্স থাকা বাধ্যতামূলক।
যাদের জন্য প্রয়োজন	• প্রোপ্রাইটরশিপ, পার্টনারশিপ এবং লিমিটেড কোম্পানি সহ সবধরনের ব্যবসায়; এছাড়াও যারা ট্রেডিং, সেবা বা উৎপাদন কার্যক্রমে যুক্ত। • মাইক্রো, ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ – সব ধরনের উদ্যোক্তার জন্য প্রযোজ্য।
সেবার আওতা	• সারা দেশে সিটি করপোরেশন, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদান করা হয়।

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয় বা সংস্থা	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) (এই কার্যালয়টি উদাহরণ হিসেবে প্রদান করা হয়েছে।) গুলশান সেন্টার পয়েন্ট, প্লট নং ২৩-২৬, রোড নং ৪৬, গুলশান-২, ঢাকা-১২১২ ফোন: +৮৮ ০২-৯৮৬০৬৮৮ ওয়েবসাইট: www.dncc.gov.bd
অনলাইন পোর্টাল/ লিঙ্ক	http://erevenue.dncc.gov.bd

নবায়ন

সময়	বাৎসরিক (আবেদনকারী একবারে সর্বোচ্চ পাঁচ বছরের জন্য ট্রেড লাইসেন্স গ্রহণ করতে পারেন)
মাধ্যম	অনলাইন ও অফলাইন (ই-ট্রেড লাইসেন্স, স্থানীয় সরকার বিভাগ) https://www.etradelicense.gov.bd/DefaultEng


প্রয়োজনীয়তা

পূর্বশর্ত	বাসস্থানটি বৈধ ও আইনসম্মত হতে হবে।					
প্রয়োজনীয় কাগজপত্র	**কাগজপত্র**	**মন্তব্য**	**একক মালিকানাধীন**	**অংশীদারি**	**লিমিটেড**	**শিল্প/ উৎপাদনকারী**
	নির্ধারিত আবেদনপত্র	http://erevenue.dncc.gov.bd	✓	✓	✓	✓
	সাম্প্রতিক পাসপোর্ট সাইজের ছবি	৩টি কপি ও ম্যাজিস্ট্রেট কর্তৃক সত্যায়িত	✓	✓	✓	✓
	ভাড়া চুক্তিপত্র/মালিকানার প্রমাণপত্র	নিজস্ব সম্পত্তি হলে হোল্ডিং ট্যাক্স বা কর পরিশোধের রসিদ	✓	✓	✓	✓
	ভাড়া পরিশোধের রসিদ	রসিদের কপি	✓	✓	✓	✓
	লিমিটেড কোম্পানির মেমোরেন্ডাম	লিমিটেড কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য	✗	✗	✓	✗
	জাতীয় পরিচয়পত্র (NID)	মূল কপির অনুলিপি	✓	✓	✓	✓
	পরিশোধিত মূলধন	লিমিটেড কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য	✗	✗	✓	✗
	ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (TIN)	মূল কপির অনুলিপি	✓	✓	✓	✓
	ব্যাংক সলভেন্সি বা আর্থিক স্বচ্ছলতার সনদ		✓	✓	✓	✓
	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের লাইসেন্স	মূল কপির অনুলিপি	✗	✗	✗	✓
দ্রষ্টব্য: সব ধরনের ব্যবসায়িক কাঠামোর ক্ষেত্রেই কেনাবেচা (ট্রেডিং) এবং সেবা–উভয়ই অন্তর্ভুক্ত।						

প্রক্রিয়া

ধাপসমূহ		একক	অংশীদারি	লিমিটেড	শিল্প
ধাপ ১	লগ-ইন করুন http://erevenue.dncc.gov.bd	✓	✓	✓	✓
ধাপ ২	প্রয়োজনীয় সব তথ্যসহ ফরম পূরণ করে জমা দান	✓	✓	✓	✓
ধাপ ৩	লাইসেন্সিং সুপারভাইজার বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক পরিদর্শন (প্রযোজ্য ক্ষেত্রে)	✗	✗	✓	✓
ধাপ ৪	পরিদর্শন প্রতিবেদন ইতিবাচক হলে আবেদনকারীকে অবহিতকরণ	✗	✗	✓	✓
ধাপ ৫	আবেদনকারী কর্তৃক পোর্টালের মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ	✓	✓	✓	✓
ধাপ ৬	আবেদনকারী কর্তৃক ট্রেড লাইসেন্স গ্রহণ	✓	✓	✓	✓

প্রক্রিয়াচিত্র



ফি

আবেদন ফরম	১০.০০ টাকা
লাইসেন্স ফি	ব্যবসার ধরন অনুযায়ী নির্ধারিত
অন্যান্য চার্জ	১৫% ভ্যাট

সময়সীমা

এসএলএ/ সময়	৩-৭ কার্যদিবস (সিটিজেন চার্টার অনুযায়ী)
প্রক্রিয়াকরণের স্বাভাবিক সময়	যদি আবেদনপত্রের সঙ্গে প্রয়োজনীয় নথি সঠিকভাবে প্রস্তুত ও জমা দেওয়া হয়, তাহলে লাইসেন্স ইস্যু করার প্রক্রিয়ায় সাধারণত কোনো বিলম্ব হওয়ার কথা নয়। অধিকাংশ ক্ষেত্রে বিলম্ব ঘটার কারণ হলো, অনেক আবেদনকারী সম্পূর্ণ বা যথাযথভাবে প্রস্তুতকৃত হালনাগাদ নথি প্রদান করতে ব্যর্থ হন। এর ফলে সরকারি কর্মকর্তাদের ডিসক্রিশনারি ট্রিটমেন্টের সুযোগ সৃষ্টি হয়। এছাড়া, অনথিভুক্ত শর্তাবলিও বিলম্বের কারণ হয়ে দাঁড়ায়।

নবায়ন

প্রয়োজনীয় নথিপত্র		
	নথিপত্র	**মন্তব্য**
	বিদ্যমান ট্রেড লাইসেন্স নম্বর	শনাক্তকরণের জন্য
	নবায়ন ফি	সরকারি নীতিমালা অনুযায়ী

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	আবেদনকারী পোর্টালের মাধ্যমে ট্রেড লাইসেন্স নম্বর জমা দেবেন
ধাপ ২	সরকারি নীতিমালা অনুযায়ী ১-৫ বছরের নবায়ন ফি পরিশোধ করবেন
ধাপ ৩	নবায়নকৃত ট্রেড লাইসেন্স গ্রহণ করবেন

ফি

	নবায়ন ফি-র পরিমাণ ইস্যুয়েন্স ফি-র সমান–যার মধ্যে প্রযোজ্য সারচার্জ, ভ্যাট এবং আয়কর অন্তর্ভুক্ত রয়েছে (নবায়ন ফি-র ওপর ১৫% ভ্যাট এবং ৫০০ টাকা থেকে ৩,০০০ টাকা পর্যন্ত আয়কর)।

নোট / পরামর্শ

সাধারণ প্রতিবন্ধকতা	• অতিরিক্ত নথিপত্র ও শর্তাবলির পুনরাবৃত্তি • ম্যানুয়াল বা আংশিক ম্যানুয়াল-ডিজিটাল প্রক্রিয়া • স্বচ্ছতার অভাব ও অস্পষ্ট কার্যপ্রণালী • ঘন ঘন নবায়ন ও স্বল্প মেয়াদের বৈধতা • কর্মীদের সীমিত সক্ষমতা বা অদক্ষতা • পরিদর্শনে বিলম্ব • নথিপত্র ও সনদ প্রদানের প্রক্রিয়ায় একরূপতার অভাব
স্থানীয় ভিন্নতা	সিটি কর্পোরেশন, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদগুলোর মধ্যে ফি ও প্রয়োজনীয় নথিপত্রের ক্ষেত্রে স্থানীয় ভিন্নতা রয়েছে।
যোগাযোগের কেন্দ্রবিন্দু	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) গুলশান সেন্টার পয়েন্ট, প্লট নং ২৩-২৬ রোড নং ৪৬, গুলশান-২, ঢাকা-১২১২ ফোন: +৮৮ ০২-৯৮৬০৬৮৮ ওয়েবসাইট: www.dncc.gov.bd
সুপারিশসমূহ	• সকল কর্তৃপক্ষের (সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) ক্ষেত্রে ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়ন প্রক্রিয়াকে একীভূত, মানসম্মত এবং সম্পূর্ণ অনলাইন-ভিত্তিক করা উচিত। • লাইসেন্স প্রদান ও নবায়ন সহজতর করার লক্ষ্যে একটি কেন্দ্রীয় সফটওয়্যার ব্যবস্থা তৈরি করা যেতে পারে, যা বিশেষায়িত সিস্টেম ও জনবলের মাধ্যমে পরিচালিত হবে। • এমন একটি ব্যবস্থা চালু ও ব্যাপকভাবে প্রচার করা উচিত যার মাধ্যমে সকল কর্তৃপক্ষের (সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) অধীনে সর্বোচ্চ পাঁচ বছরের মেয়াদের জন্য ট্রেড লাইসেন্স প্রদান বা নবায়ন করা সম্ভব হবে। ট্রেড লাইসেন্সের আবেদনপত্রেও এমন একটি বিধান অন্তর্ভুক্ত করা উচিত যাতে উল্লেখ থাকে যে, সর্বোচ্চ পাঁচ বছর পর্যন্ত মেয়াদের লাইসেন্স গ্রহণ করা সম্ভব।
সুপারিশ	• পরস্পর-অতিক্রান্ত (overlapping) প্রয়োজনীয় শর্তাবলি এবং নথিবদ্ধ নয় এমন মানদণ্ডের অত্যধিক সংখ্যা কমিয়ে আনা, যা বর্তমানে ইচ্ছামাফিক বিলম্বের সুযোগ সৃষ্টি করে। • পরিদর্শনের জন্য একটি স্বচ্ছ ও সম্পূর্ণ ডিজিটাল ট্র্যাকিং ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে কায়িক (manual) বা আংশিক কায়িক-ডিজিটাল প্রক্রিয়া থেকে সরে আসা।

ব্যবসায় শনাক্তকরণ সংখ্যা (বিআইএন)/ ভ্যাট নিবন্ধন

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	ভ্যাট ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ অনুযায়ী ভ্যাট সম্মতির জন্য ব্যবসায় শনাক্তকরণ নম্বর (ইওঘ) সংগ্রহ করা।
যাদের জন্য প্রয়োজন	যে কোনো ব্যবসা যা ভ্যাটযোগ্য পণ্য/সেবা বিক্রয়, উৎপাদন বা আমদানি-রপ্তানিতে প্রয়োজন।
সেবার আওতা	দেশের সর্বত্র

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয়/সংস্থা	অর্থ মন্ত্রণালয়
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), আয়কর উইং রাজস্ব ভবন প্লট নং এফ১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ টেলিফোন: (+৮৮) ০২২২২২১৭৭০০-০৯
অনলাইন পোর্টাল/লিঙ্ক	https://www.nbr.gov.bd (feedbackvat@nbr.gov.bd)

নবায়ন

সময়	প্রযোজ্য নয়
মাধ্যম	অনলাইন

প্রয়োজনীয় পদক্ষেপ

পূর্বশর্ত	বৈধ ট্রেড লাইসেন্স এবং টিআইএন সার্টিফিকেট। শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে কার্যক্রম অনুযায়ী আইআরসি/ইআরসি প্রয়োজন হতে পারে।


প্রয়োজনীয় নথিপত্র	**মন্তব্য**
বৈধ ট্রেড লাইসেন্স	মূল কপির অনুলিপি
টিআইএন সার্টিফিকেট	মূল কপির অনুলিপি
আমদানি/রপ্তানি নিবন্ধন সনদের অনুলিপি	প্রযোজ্য হলে
সব ব্যবসা আউটলেটের ঠিকানাসহ তালিকা	
মূল ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট	
বিডা নিবন্ধন সনদের অনুলিপি	প্রযোজ্য হলে
মেমোরেনডাম ও আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন	লিমিটেড কোম্পানির ক্ষেত্রে
মালিক/ম্যানেজিং ডিরেক্টরের পাসপোর্ট সাইজ ছবি	২ কপি
ব্যবসা প্রতিষ্ঠানের দলিল বা মালিকানার প্রমাণ	মূল কপির অনুলিপি

নোট: নিবন্ধনের পর বিআইএন অবশ্যই সব ব্যবসা প্রতিষ্ঠানে প্রদর্শন করতে হবে এবং ভ্যাট সংক্রান্ত নথিপত্র যথাযতভাবে সংরক্ষণ করতে হবে।

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	এনবিআর জোনাল অফিস বা এনবিআর ওয়েবসাইট থেকে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ
ধাপ ২	প্রয়োজনীয় নথিসহ পূর্ণাঙ্গ আবেদনপত্র জমা
ধাপ ৩	এনবিআর কর্তৃক দাখিলকৃত নথি যাচাই
ধাপ ৪	প্রয়োজন হলে এনবিআর কর্তৃক ব্যবসা প্রতিষ্ঠান পরিদর্শন
ধাপ ৫	আবেদনকারী কর্তৃক ভ্যাট নিবন্ধন সনদ গ্রহণ

প্রক্রিয়াচিত্র



ফি

আবেদন ফরম	কোনো সরকারি ফি বা অন্যান্য চার্জ নেই।
লাইসেন্স ফি	প্রযোজ্য নয়
অন্যান্য চার্জ	প্রযোজ্য নয়

সময়সীমা

এসএলএ / সময়	৭-১৪ দিন
সাধারণ প্রসেসিং সময়	৭-১৪ দিন

প্রক্রিয়ায় বিলম্ব এড়াতে সমস্ত জমাকৃত নথি যথাযথভাবে সত্যায়িত এবং সম্পূর্ণ হওয়া নিশ্চিত করুন। ভ্যাট বিধিমালা মেনে চলুন।

নবায়ন

প্রয়োজনীয় নথি	প্রয়োজন নেই
প্রক্রিয়ার ধাপ	প্রয়োজন নেই
ফি	প্রয়োজন নেই

নোট / পরামর্শ

সাধারণ জটিলতা	• ভুল বা অসম্পূর্ণ তথ্য • যথাযথ নথিপত্র না থাকা বা পুরোনো নথি প্রদান • ভ্যাট রেট নিয়ে বিভ্রান্তি • অনলাইন পোর্টালের কারিগরি সমস্যা • ব্যবসার প্রকৃতি বা উদ্দেশ্য ভুলভাবে বোঝা • ব্যবসায় আগ্রহের অভাব
স্থানীয় ভিন্নতা	ভ্যাট সার্কেল
যোগাযোগ	এনবিআর ভ্যাট উইং
সুপারিশ	ই-টিআইএন ও বিআইএন সনদের জন্য কিউআর-কোড ভিত্তিক যাচাইকরণ ব্যবস্থা চালু করা, যাতে ব্যাংক, সরকারি সংস্থা ও ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলো তাৎক্ষণিকভাবে সেগুলো যাচাই করতে পারে।

বাংলাদেশে ব্যবসার জন্য ব্যাংক অ্যাকাউন্ট খোলা

বাংলাদেশে একটি ব্যবসা শুরু করতে হলে ব্যাংক অ্যাকাউন্ট খোলা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি ধাপ। উদ্যোক্তাকে একটি তফসিলি ব্যাংক নির্বাচন করতে হয় এবং প্রয়োজনীয় নথিপত্র প্রস্তুত করতে হয়, যেমন ট্রেড লাইসেন্স (বা শুরুর পর্যায়ে থাকা প্রতিষ্ঠানের ক্ষেত্রে নামের ছাড়পত্র), কর শনাক্তকরণ নম্বর (টিআইএন), জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট এবং সংশ্লিষ্ট ব্যবসা নিবন্ধনের কাগজপত্র। সাধারণত অ্যাকাউন্টটি ব্যবসার নামে খোলা হয়, যাতে সমস্ত আর্থিক লেনদেন আইনগতভাবে রেকর্ড হয় এবং স্বচ্ছ থাকে।

কেন এটি গুরুত্বপূর্ণ:

একটি ব্যবসায়িক ব্যাংক অ্যাকাউন্ট ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক অর্থ আলাদা রাখতে সাহায্য করে, সঠিক আর্থিক নথি সংরক্ষণ নিশ্চিত করে এবং বাংলাদেশ ব্যাংকের বিধানসমূহ মেনে চলতে সহায়তা করে। এর মাধ্যমে প্রতিষ্ঠান অর্থ গ্রহণ, সরবরাহকারীদের অর্থ প্রদান, ঋণ বা ক্রেডিট সুবিধা গ্রহণসহ বিভিন্ন লেনদেন নির্বিঘ্নে পরিচালনা করতে পারে। তাছাড়া, কোম্পানি নিবন্ধন এবং বিভিন্ন লাইসেন্স প্রক্রিয়ায় বিজনেস ব্যাংক অ্যাকাউন্টের প্রমাণ আবশ্যক– যা ব্যবসা আনুষ্ঠানিকভাবে শুরু করার মৌলিক ধাপ হিসাবে বিবেচিত হয়।

ব্যবসার ধরন অনুযায়ী বাংলাদেশে ব্যাংক অ্যাকাউন্ট খোলার জন্য প্রয়োজনীয় নথিপত্র:

ব্যবসার ধরন	প্রয়োজনীয় নথিপত্র
একক স্বত্বাধিকারী প্রতিষ্ঠান	• বৈধ ট্রেড লাইসেন্স • মালিকের জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্ট • ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (টিআইএন) সার্টিফিকেট • মালিকের সাম্প্রতিক পাসপোর্ট সাইজ ছবি • ব্যবসার ঠিকানার প্রমাণ (ইউটিলিটি বিল বা ভাড়ার চুক্তিপত্র)
পার্টনারশিপ প্রতিষ্ঠান	• পার্টনারশিপ ডিড (প্রযোজ্য হলে নিবন্ধিত) • বৈধ ট্রেড লাইসেন্স • পার্টনারশিপের জন্য টিআইএন সার্টিফিকেট • সকল পার্টনারের জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্ট কপি • সকল পার্টনারের পাসপোর্ট সাইজ ছবি • অ্যাকাউন্ট খোলার জন্য পার্টনারশিপ রেজল্যুশন • ব্যবসার ঠিকানার প্রমাণ
লিমিটেড কোম্পানি	• আরজেএসসি কর্তৃক প্রদত্ত ইনকরপোরেশন সার্টিফিকেট • মেমোরেনডাম এবং আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন– আরজেএসসির ফরম XII (পরিচালকদের বিবরণ) • বৈধ ট্রেড লাইসেন্স • কোম্পানির টিআইএন সার্টিফিকেট • সকল পরিচালকের জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্ট কপি • অনুমোদিত স্বাক্ষরকারীদের পাসপোর্ট সাইজ ছবি • বোর্ড রেজল্যুশন (অ্যাকাউন্ট খোলার অনুমোদন) • নিবন্ধিত অফিসের ঠিকানার প্রমাণ

একটি চলতি হিসাব (কারেন্ট অ্যাকাউন্ট) খোলার জন্য পছন্দের ব্যাংক নির্বাচন করা, শাখায় গিয়ে আবেদনপত্র পূরণ করা এবং প্রয়োজনীয় নথিপত্র জমা দিতে হয়। প্রাথমিক অর্থ জমা প্রদান করার পর ব্যাংক আপনার আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে, এবং প্রক্রিয়া শেষ হলে আপনার অ্যাকাউন্ট সক্রিয় হয়ে ব্যবহারের জন্য প্রস্তুত হয়।

বর্তমানে অধিকাংশ ব্যাংকে অনলাইন সেবা রয়েছে এবং সব নথি প্রস্তুত ও হালনাগাদ থাকলে মাত্র একবার শাখায় গিয়ে এক দিনের মধ্যেই ব্যাংক অ্যাকাউন্ট খোলা সম্ভব।

সুপারিশ	একই দিনে অ্যাকাউন্ট সচল করার সুবিধার্থে ব্যাংকিং পোর্টালগুলোকে সরকারি ডিজিটাল আইডি ব্যবস্থার সাথে সংযুক্ত করুন।

নামের ছাড়পত্র সনদ

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	নতুন কোনো প্রতিষ্ঠান নিবন্ধনের (বিদেশি কোম্পানি ও পার্টনারশিপ প্রতিষ্ঠান ব্যতীত) জন্য নামের ছাড়পত্র সনদ একটি পূর্বশর্ত।
যাদের জন্য প্রয়োজন	নতুন কোম্পানি, সমিতি বা ট্রেড সংগঠনের উদ্যোক্তা।
সেবার আওতা	দেশের সর্বত্র

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয়/সংস্থা	বাণিজ্য মন্ত্রণালয়
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস (আরজেএসসি), টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫ ফোন: +৮৮-০২-৮১৮৯৪০৩, ৮১৮৯৪০১ ফ্যাক্স: +৮৮-০২-৮১৮৯৪০২ ইমেইল: rjsc@roc.gov.bd ওয়েবসাইট: www.roc.gov.bd
অনলাইন পোর্টাল/লিঙ্ক	https://app.roc.gov.bd/

নবায়ন

সময়	প্রযোজ্য নয়
মাধ্যম	অনলাইন

শর্তাবলি


পূর্বশর্ত	প্রস্তাবিত নতুন সত্তার প্রমোটর হতে হবে।	
প্রয়োজনীয় নথিপত্র	**নথিপত্র**	**মন্তব্য**
	নামের ছাড়পত্রের জন্য আবেদন	
	প্রমোটরদের ১ম সাধারণ সভার কার্যবিবরণী	শুধু কোম্পানির জন্য

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	আবেদনকারী কর্তৃক অনলাইনে আবেদনপত্র পূরণ
ধাপ ২	আরজেএসসি ওয়েবসাইটে ই-অ্যাকাউন্ট খোলা
ধাপ ৩	আরজেএসসি ওয়েবসাইটে প্রাথমিক নাম অনুসন্ধান করা
ধাপ ৪	ফি জমা দেয়া
ধাপ ৫	টাকা জমার রসিদ/মানি রিসিপ্ট জমা দেয়া
ধাপ ৬	নেম ক্লিয়ারেন্স সার্টিফিকেট সংগ্রহ করা

প্রক্রিয়াচিত্র

নামের ছাড়পত্র সনদ



ফি

আবেদন ফরম	অনলাইন
লাইসেন্স ফি	কোম্পানির জন্য: প্রস্তাবিত প্রতিটি নামের জন্য ৫০০ টাকা; পার্টনারশিপ ফার্মের জন্য: ৫০০ টাকা; সোসাইটির জন্য: ২,০০০ টাকা; ট্রেড অর্গানাইজেশনের জন্য: ৫০০ টাকা
অন্যান্য চার্জ	কোনো নির্দিষ্ট চার্জ নেই

প্রক্রিয়াকরণের সময়

স্ট্যাচুয়েটরি এসএলএ	৪ ঘণ্টা
স্বাভাবিক প্রক্রিয়াকরণ সময়	১ দিন

নবায়ন

প্রয়োজনীয় নথি	প্রয়োজন নেই
প্রক্রিয়ার ধাপসমূহ	প্রয়োজন নেই
ফি	প্রয়োজন নেই

নোট / পরামর্শ

সাধারণ জটিলতা	• প্রস্তাবিত নামের সমস্যা (সম্পূর্ণ আলাদা না হওয়া) • আবেদন প্রক্রিয়ায় জটিলতা • ওয়েবসাইট ও সার্ভারজনিত সমস্যা (ইন্টারনেট সংযোগ, সার্ভার ডাউন ইত্যাদি)
স্থানভেদে পার্থক্য	নাগরিক সনদ অনুসরণ করুন অথবা জেলা কার্যালয়ের সাথে যোগাযোগ করুন।
যোগাযোগ	রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস (আরজেএসসি), টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫ ফোন: +৮৮-০২-৮১৮৯৪০৩, ৮১৮৯৪০১, ফ্যাক্স: +৮৮-০২-৮১৮৯৪০২ ইমেইল: rjsc@roc.gov.bd ওয়েবসাইট: www.roc.gov.bd
সুপারিশ	নামের প্রাপ্যতা সম্পর্কে তাৎক্ষণিক ফলাফল প্রদানকারী একটি অধিকতর শক্তিশালী প্রাথমিক নাম অনুসন্ধান টুল (Tool) চালু করুন।

কোম্পানি নিবন্ধন (প্রাইভেট ও পাবলিক)

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	বাংলাদেশে একটি কোম্পানির আইনগত ভিত্তি আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠা করা।
যাদের জন্য প্রয়োজন	প্রাইভেট কোম্পানি, পাবলিক কোম্পানি, ওয়ান পার্সন কোম্পানি (ওপিসি), বিদেশি কোম্পানি, ট্রেড অর্গানাইজেশন, সমিতি এবং পার্টনারশিপ ফার্ম।
সেবার আওতা	দেশের সর্বত্র

কর্তৃপক্ষ

ইস্যুকারী মন্ত্রণালয়/সংস্থা	বাণিজ্য মন্ত্রণালয়
দায়িত্বপ্রাপ্ত কার্যালয়	রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস (আরজেএসসি) টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫ ফোন: +৮৮-০২-৮১৮৯৪০৩, ৮১৮৯৪০১, ফ্যাক্স: +৮৮-০২-৮১৮৯৪০২ ইমেইল: rjsc@roc.gov.bd ওয়েবসাইট: www.roc.gov.bd
অনলাইন পোর্টাল/লিঙ্ক	https://app.roc.gov.bd/

নবায়ন

সময়	বার্ষিক রিটার্ন জমা দেওয়ার মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে নবায়ন সম্পন্ন হয়।
মাধ্যম	অনলাইন

শর্তাবলি

পূর্বশর্ত	বৈধ নেম ক্লিয়ারেন্স সনদ থাকতে হবে (বিদেশি কোম্পানি এবং পার্টনারশিপ ফার্মের ক্ষেত্রে প্রয়োজন নেই)।

প্রয়োজনীয় নথিপত্র	নথিপত্র	মন্তব্য
প্রতিষ্ঠানের ধরন অনুযায়ী ভিন্ন হয়। বিস্তারিত তালিকা মূল টেক্সটে দেখুন।		

প্রতিষ্ঠানের ধরন	প্রয়োজনীয় নথিপত্র
প্রাইভেট কোম্পানি	১। মেমোরেনডাম ও আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন – মূল কপি + ২ কপি অনুলিপি ২। ফরম I পূরণকৃত: কোম্পানি নিবন্ধনের ঘোষণা [ধারা ২৫] ৩। ফরম VI পূরণকৃত: রেজিস্টার্ড অফিসের ঠিকানা এবং পরিবর্তনের নোটিশ [ধারা ৭৭] ৪। ফরম IX পূরণকৃত: পরিচালকের কার্যনির্বাহের সম্মতি [ধারা ৯২] ৫। ফরম X পূরণকৃত: পরিচালক হওয়ার জন্য সম্মত ব্যক্তিদের তালিকা [ধারা ৯২] ৬। ফরম XII পূরণকৃত: পরিচালক, ম্যানেজার এবং ম্যানেজিং এজেন্টদের বিবরণ [ধারা ১১৫] ৭। নেম ক্লিয়ারেন্সের প্রমাণপত্র ৮। বিশেষ আঠাযুক্ত স্ট্যাম্প ও বাংলাদেশ ব্যাংকের ট্রেজারি চালানের (ফটোকপি) রসিদ
প্রাইভেট কোম্পানি	১। মেমোরেনডাম ও আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন – মূল কপি + ২ কপি অনুলিপি ২। ফরম I পূরণকৃত: কোম্পানি নিবন্ধনের ঘোষণা [ধারা ২৫] ৩। ফরম VI পূরণকৃত: রেজিস্টার্ড অফিসের ঠিকানা এবং পরিবর্তনের নোটিশ [ধারা ৭৭] ৪। ফরম IX পূরণকৃত: পরিচালকদের কার্যনির্বাহের সম্মতি [ধারা ৯২] ৫। ফরম X পূরণকৃত: পরিচালক হওয়ার জন্য সম্মত ব্যক্তিদের তালিকা [ধারা ৯২] ৬। ফরম XII পূরণকৃত: পরিচালক/ম্যানেজার/ম্যানেজিং এজেন্টদের বিবরণ [ধারা ১১৫] ৭। ফরম XIV পূরণকৃত: ব্যবসা শুরু করার পূর্বে ঘোষণাপত্র (প্রসপেক্টাসের পরিবর্তে বিবৃতি জমা দিলে প্রযোজ্য) [ধারা ১৫০] ৮। ফরম XI (প্রয়োজন হলে): প্রস্তাবিত কোম্পানিতে যোগ্যতার শেয়ার গ্রহণের চুক্তি [ধারা ৯২] ৯। নেম ক্লিয়ারেন্সের প্রমাণপত্র ১০। বিশেষ আঠাযুক্ত স্ট্যাম্প ও ট্রেজারি চালানের ফটোকপি

প্রতিষ্ঠানের ধরন	প্রয়োজনীয় নথিপত্র
ওপিসি	১। ফরম XXXVI পূরণকৃত: কোম্পানির চার্টার/স্ট্যাচুট/মেমোরেনডাম/আর্টিকেলস (কোম্পানির গঠনসংক্রান্ত দলিল) ২। ফরম XXXVII পূরণকৃত: রেজিস্টার্ড/প্রধান কার্যালয়ের ঠিকানা ৩। ফরম XXXVIII পূরণকৃত: পরিচালক ও ম্যানেজারদের তালিকা [ধারা ৩৭৯] ৪। ফরম XXXIX পূরণকৃত: নোটিশ–সার্ভিস গ্রহণের অনুমোদিত ব্যক্তিবর্গ [ধারা ৩৭৯] ৫। ফরম XLII পূরণকৃত: বাংলাদেশে প্রধান ব্যবসা স্থানের ঠিকানা ও পরিবর্তনসমূহ [ধারা ৩৭৯(১)] ৬। নির্ধারিত তফসিলি ব্যাংক থেকে এনক্যাশমেন্ট সার্টিফিকেট ৭। বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এর অনুমতি
বিদেশি কোম্পানি	১। ফরম XXXVI পূরণকৃত: কোম্পানির চার্টার/স্ট্যাচুট/মেমোরেনডাম ও আর্টিকেলস (কোম্পানির গঠনসংক্রান্ত দলিল) ২। ফরম XXXVII পূরণকৃত: রেজিস্টার্ড বা প্রধান কার্যালয়ের ঠিকানা ৩। ফরম XXXVIII পূরণকৃত: পরিচালক ও ম্যানেজারদের তালিকা [ধারা ৩৭৯] ৪। ফরম XXXIX পূরণকৃত: সার্ভিস গ্রহণের অনুমোদিত ব্যক্তিদের রিটার্ন [ধারা ৩৭৯] ৫। ফরম XLII পূরণকৃত: বাংলাদেশে প্রধান ব্যবসা স্থানের ঠিকানা বা পরিবর্তনসমূহ [ধারা ৩৭৯(১)] ৬। তফসিলি ব্যাংক থেকে এনক্যাশমেন্ট সার্টিফিকেট ৭। বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এর অনুমতি
ট্রেড অর্গানাইজেশন	১। মেমোরেনডাম ও আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন – মূল + ২ কপি অনুলিপি ২। ফরম I পূরণকৃত: নিবন্ধন ঘোষণা [ধারা ২৫] ৩। ফরম VI: রেজিস্টার্ড অফিসের ঠিকানা ও পরিবর্তন [ধারা ৭৭] ৪। ফরম IX: পরিচালকের সম্মতিপত্র [ধারা ৯২] ৫। ফরম X: পরিচালক হওয়ার জন্য সম্মত ব্যক্তিদের তালিকা [ধারা ৯২] ৬। ফরম XII: পরিচালক/ম্যানেজার/ম্যানেজিং এজেন্টদের বিবরণ [ধারা ১১৫] ৭। সরকারি লাইসেন্স (বাণিজ্য মন্ত্রণালয়ের ট্রেড লাইসেন্স) ৮। নেম ক্লিয়ারেন্সের প্রমাণপত্র ৯। বিশেষ আঠাযুক্ত স্ট্যাম্প ও ট্রেজারি চালানের ফটোকপি
সোসাইটি	১। মেমোরেনডাম অব অ্যাসোসিয়েশন ২। নেম ক্লিয়ারেন্সের প্রমাণপত্র
পার্টনারশিপ প্রতিষ্ঠান	১। ফরম I: নিবন্ধনের জন্য প্রতিষ্ঠানের বিবরণ ২। পার্টনারশিপ ডিড

ফি

আবেদন ফরম	অনলাইন
লাইসেন্স ফি	কোম্পানি/পার্টনারশিপ ফার্ম/ট্রেড অর্গানাইজেশন: ৫০০ টাকা; সোসাইটি: ২,০০০ টাকা
অন্যান্য চার্জ	১৫% ভ্যাট প্রযোজ্য


সময়সীমা

স্ট্যাচুয়েটরি এসএলএ/অনলাইন	৩০ দিন
স্বাভাবিক প্রক্রিয়াকরণ সময়	প্রযোজ্য নয়

প্রক্রিয়া

ধাপসমূহ	
ধাপ ১	অনুগ্রহ করে প্রথমে ইমেইল ঠিকানা ও মোবাইল নম্বর ব্যবহার করে আরজেএসসি পোর্টালে (https://app.roc.gov.bd/) একটি অ্যাকাউন্ট তৈরি করুন।
ধাপ ২	আবেদনকারী অনলাইনে আবেদনপত্র পূরণ করবেন।
ধাপ ৩	আবেদন ফরম সম্পূর্ণভাবে পূরণ করুন (বাধ্যতামূলক ঘরগুলো বাদ দেবেন না)।
ধাপ ৪	সমস্ত তথ্য পুনরায় যাচাই করুন এবং আবেদন সেভ করুন।
ধাপ ৫	প্রাসঙ্গিক সকল নথির স্ক্যান কপি আপলোড করুন।
ধাপ ৬	পূর্ণাঙ্গ আবেদন সেভ করে জমা দিন।
ধাপ ৭	আবেদন অনুমোদিত হলে আবেদনকারীকে ফি জমা দেওয়ার জন্য জানানো হবে।
ধাপ ৮	নির্দেশনা অনুযায়ী পেমেন্ট গেটওয়ে বা কাউন্টারের মাধ্যমে ফি জমা দিন।
ধাপ ৯	নির্ধারিত দিনের জন্য অপেক্ষা করুন।
ধাপ ১০	আবেদনকারী অনলাইনের মাধ্যমে অনুমোদন/সনদ/নিবন্ধন/পারমিট সংগ্রহ করবেন।

প্রক্রিয়াচিত্র



নবায়ন

প্রয়োজনীয় নথি	নবায়নের জন্য নির্দিষ্ট কোনো নথি উল্লেখ নেই (বার্ষিক রিটার্নের মাধ্যমে সম্পন্ন হয়)।
প্রক্রিয়ার ধাপসমূহ	বার্ষিক রিটার্ন দাখিল।
ফি	বার্ষিক রিটার্ন দাখিলের সঙ্গে সম্পর্কিত ফি।

নোট / পরামর্শ

সাধারণ জটিলতা	• নেম ক্লিয়ারেন্সের মেয়াদোত্তীর্ণ হওয়া • আরজেএসসি পোর্টালের সমস্যা • অসম্পূর্ণ বা ভুল নথি • ব্যাংক অ্যাকাউন্ট সংক্রান্ত জটিলতা (বিশেষ করে বিদেশি শেয়ারহোল্ডারদের ক্ষেত্রে) • বিদ্যমান শর্তাবলি/বাধ্যবাধকতা সম্পর্কে ধারণা না থাকা
স্থানভেদে ভিন্নতা	আরজেএসসি নিম্নোক্ত শর্ত পূরণ হলে 'সার্টিফিকেট অব ইনকরপোরেশন' ইস্যু করে– • প্রস্তাবিত প্রতিষ্ঠানের জন্য নেম ক্লিয়ারেন্স গ্রহণ করা হয়েছে (বিদেশি কোম্পানি ও পার্টনারশিপ ফার্ম ব্যতীত) • নেম ক্লিয়ারেন্সের সনদের মেয়াদের মধ্যে নিবন্ধনের আবেদন জমা দেওয়া হয়েছে (বিদেশি কোম্পানি ও পার্টনারশিপ ফার্ম ব্যতীত) • মেমোরেনডাম ও আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন (এমওএ এবং এওএ), নির্ধারিত ফরম ও সময়সূচি যথাযথভাবে প্রস্তুত ও জমা দেওয়া হয়েছে • প্রযোজ্য স্ট্যাম্প ও ফি প্রদান করা হয়েছে
যোগাযোগ	রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস (আরজেএসসি) টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫ ফোন: +৮৮-০২-৮১৮৯৪০৩, ৮১৮৯৪০১, ফ্যাক্স: +৮৮-০২-৮১৮৯৪০২ ইমেইল: rjsc@roc.gov.bd, ওয়েবসাইট: www.roc.gov.bd
সুপারিশ	পোর্টাল বা ব্যাংকিং সংক্রান্ত সমস্যার কারণে নিবন্ধন প্রক্রিয়া বিলম্বিত হলে স্বয়ংক্রিয়ভাবে নামের ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি করা।

শিল্প প্রকল্পের নিবন্ধন (যৌথ উদ্যোগ এবং ১০০% বিদেশি মালিকানাধীন)

প্রাথমিক ধারণা

উদ্দেশ্য	যৌথ উদ্যোগ বা ১০০% বিদেশি বিনিয়োগসহ শিল্প প্রকল্পকে বিডা-এর মাধ্যমে আনুষ্ঠানিকভাবে নিবন্ধন করা।
